# प्रधा-लोला ।

# ---

# চতুর্থ পরিচ্ছেদ।

যশৈ দাতৃং চোরয়ন্ ক্ষীরভাণ্ডং গোপীনাথঃ ক্ষীরচোরাভিধোহভূং। শ্রীগোপালঃ প্রাত্রাসীদ্ বশঃ সন্ যৎপ্রেমা তং মাধবেক্রং নতোহিমা। ১॥

জয়জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ। জয়াদৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥ ১ নীলাদ্রিগমন জগন্ধাথদরশন। সার্ব্বভৌমভট্টাচার্য্য-প্রভুর মিলন॥ ২ এইদব লীলা প্রভুর দাস বৃন্দাবন। বিস্তারি করিয়াছেন উত্তম বর্ণন॥ ৩ সহজে বিচিত্র মধুর চৈত্তশ্যবিহার। বৃন্দাবনদাস-মুখে অমৃতের ধার॥ ৪ অতএব তাহা বর্ণিলে হয় পুনক্তি । দম্ভ করি বর্ণি যদি, তৈছে নাহি শক্তি॥ ৫

# শোকের দংস্কৃত চীকা।

যশৈ ইতি। গোপীনাথঃ তনামা শ্রীকৃষ্ণবিগ্রহঃ যশৈ মাধ্বেন্দ্রায় দাতুং দানং কর্ত্তুং ক্ষরিভাগুং ক্ষরিপূর্ণভাগুং চোরয়ন্ সন্ ক্ষরিচোরাভিধ্নামা অভূং বভূব। শ্রীগোপালন্তনামা শ্রীকৃষ্ণবিগ্রহঃ যশু প্রেয়া করণেন ২শঃ বশীভূতঃ সন্ প্রাত্রাসীৎ প্রকটোইভূৎ তং মাধ্বেন্দ্রং নতোই শ্বি অহং নমামীত্যুর্থঃ॥ শ্লোকমালা॥ ১

# গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

শ্রীশ্রীরাধাগিরিধারী। এই চতুর্থ পরিচ্ছেদে শ্রীপাদমাধবেজ্পুরীর চরিত্র এবং তৎপ্রসঙ্গে ক্ষীরচুরির ব্যপদেশে রেমুণার গোপীনাথের ভক্তবাৎসল্যের কথা বিবৃত হইয়াছে।

শো। ১। অবয়। যশৈ (বাঁহাকে) দাতুং (দেওয়ার নিমিত্ত) ক্ষীরভাত্তং (ক্ষীরপূর্ণ-ভাত্ত) চোরয়ন্ (চুরি করিয়া) গোপীনাথঃ (গোপীনাথ-নামক শ্রীরুঞ্বিগ্রহ) ক্ষীরচোরাভিঃ (ক্ষীরচোরা বলিয়া অভিহিত) অভূৎ (হইয়াছিলেন), শ্রীগোপালঃ (শ্রীগোপাল) য<প্রেয়া (বাঁহার প্রেমে) বশঃ (বশীভূত) দন্ (হইয়া) প্রাত্তরাসীৎ (প্রকটিত হইয়াছিলেন), তং (সেই) মাণবেজ্ঞং (মাণবেজ্ঞপুরী গোস্বামীকে) নতঃ অস্মি (নমস্কার করি)।

অনুবাদ। যাঁহাকে দেওয়ার নিমিত্ত ক্ষীরপূর্ণ ভাগু চুরি করিয়া রেমুণাস্থিত শ্রীগোপীনাথ নামক শ্রীরুষ্ণবিশ্রাহ ক্ষীরচোরানামে অভিহিত হইয়াছেন; যাঁহার প্রেমে বশীভূত হইয়া শ্রীগোপাল ( তাঁহার সাক্ষাতে গোপবালক-রূপে) প্রকটিত হইয়াছিলেন, সেই মাধবেক্তপুরী গোস্বামীকে আমি নমস্কার করি। ১

শ্রীগোপীনাথ শ্রীপাদমাধবেক্তপুরীর জন্ম স্বীয় ভোগের নিমিত্ত উপস্থাপিত ক্ষীরভাণ্ডসমূহের মধ্য হইতে একভাণ্ড ক্ষীর লুকাইয়া রাথিয়াছিলেন; তদবধি তাঁহার নাম হয় ক্ষীরচোরা-গোপীনাথ (পরবর্তী ১১৬-১৩৫ পয়ার ক্ষুব্য)। মাধবেক্তপুরী যখন শ্রীকৃদ্ধবনে, তখন একদিন শ্রীগোপাল—শ্রীকৃষ্ণ—একটী গোপ-বালকের বেশে তুধ লইয়া তাঁহার নিকটে উপস্থিত হইয়াছিলেন (পরবর্তী ২২-৪০ পয়ার ক্ষুব্য)।

২-৩। সার্বভোম ভট্টাচার্য্য-প্রভুর মিলন—বাস্কদেব-সার্বভোষের সহিত মহাপ্রভুর মিলন, পুরীতে। এই সব লীলা ইত্যাদি—শ্রীলর্ন্দাবনদাস ঠাকুর শ্রীচেত্যভাগবতের অস্তাখণ্ডে দ্বিতীয় অধ্যায়ে এসকল লীলা বিবৃত্ত করিয়াছেন। ২০০২ ত প্রারের টীকা দ্রষ্টব্য।

চৈতত্যসঙ্গলে যাহা করিলা বর্ণন।
সূত্ররূপে সেই লীলা করিয়ে সূচন॥ ৬
তাঁর সূত্রে আছে, তেঁহো না কৈল বর্ণন।
যথাকথঞ্চিং করি সে লীলা-কথন॥ ৭
অতএব তাঁর পায়ে করি নমস্কার।
তাঁর পায়ে অপরাধ নত্তক আমার॥ ৮

এইমত মহাপ্রভু চলিলা নীলাচলে।
চারিভক্ত সঙ্গে কৃষ্ণকীর্ত্তনকুতুহলে॥ ৯
ভিক্ষা লাগি একদিন একগ্রামে গিয়া।
আপনে বহুত অন্ন আনিল মাগিয়া॥ ১০
পথে বড়-বড় দানী, বিল্প নাহি করে।
তা-সভারে কুপা করি আইলা রেমুণারে॥ ১১

#### গৌর কুপা-তরঞ্জিণী চীকা।

দেশু করি—অহম্বার করিয়া। শ্রীর্ন্দাবনদাস হইতেও উত্তমরূপে বর্ণন করিব, এইরূপ অহম্বার করিয়া। "এই সব লীলা প্রভুর" হুলে "এসব লীলার ব্যাস"-এরূপ পাঠাস্তরও দৃষ্ট হয়।

- ৬। শ্রীলবৃন্দাবনদাস শ্রীকৈতম্যভাগবতে যে যে লীলার বর্ণনা করিয়া গিয়াছেন, আমি (করিরাজ গোস্বামী) এস্থলে তাহা অতি সংক্ষেপে—স্থ্রোকারে—উল্লেখ করিব; আর যে লীলা তিনি বর্ণনা করেন নাই, স্থ্রেমধ্যে উল্লেখ-মাত্র করিয়া গিয়াছেন, সেই লীলা সম্বন্ধে আমি যৎকিঞ্জিৎ বর্ণনা দিব।
- **৯। চারিভক্ত**—২।৩।২০৬ প্রারোক্ত শ্রীনিত্যানন্দাদি চারিশ্বন ভক্ত। **কৃষ্ণকীর্ত্তন-কুতুহলে—**শ্রীকৃষ্ণ-কীর্ত্তনের আনন্দে। তাঁহারা শ্রীকৃষ্ণের নামরূপাদি কীর্ত্তন করিতে করিতে পথ চলিতেছিলেন।
  - ১০। ভিক্ষালাগি—আহারের নিমিত্ত। আপনে—মহাপ্রভূ নিজে। অন্ধ—ভক্ষ্য দ্রব্য।

শী চৈতন্তভাগৰত বলেন — নীলাচলের পথে উৎকলে প্রবেশ করিয়া এক দেবালয়ে সন্ধীদিগকে বসাইয়া প্রভূ নিজেই ভিক্ষায় বাহির হইলেন। প্রভূ যে গৃহেই যায়েন, সেই গৃহ হইতেই উত্তম উত্তম দ্রব্য এবং তভুল প্রভূকে দেওয়া হয়। ফিরিয়া আসিলে সন্ধিগণ "ভিক্ষাদ্রব্য দেখি সবে লাগিলা কহিতে। সবেই বলেন—প্রভূ, পারিবা পোষিতি॥ সন্তোধে জগদানন করিলা রশ্ধন। স্বার সংহতি প্রভূ করিলা ভোজন॥ (অস্ত্য ২য় অধ্যায়)।"

১১। দানী—যাহারা পথের কর গ্রহণ করে, তাহাদিগকে দানী বলে। বিদ্ধ—বাধা। দানীরা সকল-পথিকের নিকট হইতেই কর আদায় করিয়া থাকে; কেহ কর না দিলে তাহাকে যাইতে দেয় না। শ্রীমন্ মহাপ্রভূ তাহাদিগকে কর দেন নাই, তথাপি তাহারা তাঁহাকে ও তাঁহার সঙ্গিগকে যাইতে দিয়াছে, কোনওরূপ বাধা দেয় নাই। তা সভারে—সেই দানীদিগকে। রেমুণা—বালেশবের নিকটবর্তী স্থানবিশেষ; এইস্থানে ক্ষীরচোরা-গোপীনাথ আছেন।

যেস্থানে প্রভূ নিজে ভিন্দা করিয়াছিলেন, সেই স্থান হইতে প্রাভঃকালে রওনা হইয়া প্রভূ কতদূর অগ্রসর হইয়াই এক দানঘাটীতে উপনীত হইলেন। দানী প্রভূতক এবং তাঁহার সিদ্ধাণকে আটক করিল, দান (পথকর) না দিলে যাইতে দিবে না; কিন্তু প্রভূব অপূর্ক তেজ দেখিয়া বিন্মিত হইল। তথন দানী "জিজ্ঞাসিল—'কতেক তোমার লোক হয়'॥ প্রভূ কহে—'জগতে আমার কেহো নয়। আমিহ কাহারো নহি, কহিল নিশ্চয়॥ এক আমি, তুই নহি, সকল আমার'। কহিতে নয়নে বহে অবিরত ধার॥" তথন দানী বলিল—"গোঁসাই, তুমি যাও; ইহাদের দান পাইলে ইহাদিগকে ছাড়িয়া দিব।" গোবিন্দ বলিয়া প্রভূ চলিলেন; কিন্তু কতদূর যাইয়া বসিয়া পড়িলেন এবং নতমন্তকে কাঁদিতে লাগিলেন। দেখিয়া দানী বিন্মিত হইয়া প্রভূর সধীদের প্রণাম করিয়া জিজ্ঞাসা করিলেন—"কে তোমরা, কার লোক, কহত ভাঙ্গিয়া ॥" তথন সাঞ্জ-ন্যনে তাঁহারা বলিলেন—"অই ঠাকুর সবার। প্রভূক্ষিচৈতভা-নাম ভনিয়াছ যার॥ সবেই উহার ভূত্য আমরা সকল।" ইহাদের প্রেম দেখিয়া দানী মুয় হইয়া তাড়াতাড়ি গিয়া প্রভূর চরণে পতিত হইয়া কাঁদিতে কাঁদিতে ক্ষমা প্রার্থনা করিল। তথন প্রভূ দানীকে ক্ষপা করিয়া সঞ্চীদের লইয়া নীলাচলের দিকে অগ্রসর হইলেন (প্রীচৈ, ভা, অস্ত্য, ২য় অধ্যায়)।

রেমুণাতে গোপীনাথ পরমমোহন।
ভক্তি করি কৈল প্রভু তাঁর দরশন॥ ১২
তাঁর পাদ-পদ্ম-নিকট প্রণাম করিতে।
তাঁর পুষ্পচূড়া পড়িল প্রভুর মাথাতে॥ ১০
চূড়া পাইয়া প্রভু মনে আনন্দিত হঞা।
বহু নৃত্যুগীত কৈলা ভক্তগণ লঞা॥ ১৪
প্রভুর ত ভাব দেখি—প্রেম রূপ গুণ।
বিশ্মিত হইলা গোপীনাথের দাদগণ॥ ১৫
নানামতে প্রীতে কৈল প্রভুর সেবন।
সেই রাত্রি তাহাঁ প্রভু করিলা বঞ্চন॥ ১৬
মহাপ্রদাদ-ক্ষীরলোভে রহিলা প্রভু তথা।
পূর্বেব ঈশরপুরী তাঁরে কহিয়াছেন কথা॥ ১৭
ক্ষীরচোরা গোপীনাথ প্রসিদ্ধ তার নাম।

ভক্তগণে কহে প্রভু সেই ত আখ্যান। ১৮
পূর্বের মাধবপুরীর লাগি ক্ষীর কৈল চুরি।
অতএব নাম হৈল 'ক্ষীরচোরা' করি। ১৯
পূর্বের শ্রীমাধবপুরী আইলা বুন্দাবন।
ভ্রমিতে ভ্রমিতে গেলা গিরি গোবর্দ্ধন। ২০
প্রেমে মত্ত—নাহি তাঁর দিবা-রাত্রি-জ্ঞান।
ক্ষণে উঠে ক্ষণে পড়ে—নাহি স্থানাস্থান। ২১
শৈলপরিক্রমা করি গোবিন্দকুণ্ডে আদি।
স্মান করি বৃক্ষতলে আছে সন্ধ্যায় বিসি। ২২
গোপাল বালক এক তুগ্গভাগু লঞা।
আসি আগে ধরি কিছু বলিলা হাসিয়া।।২০
পুরী। এই তুগ্ধ লৈয়া কর তুমি পান।
মাগি কেনে নাহি খাও, কিবা কর ধ্যান ? ২৪

#### গৌর-কুপা-তরঞ্চিণী চীকা।

- ১২। প্রমমোহন—অতি স্থন্দর। কোপীনাথ—ক্ষীরচোরা-গোপীনাথ নামক শ্রীকৃঞ্বিগ্রহ।
- ১৩। পুষ্পাচূড়া—পুষ্পনির্মিত চূড়া; ফুলের দারা তৈয়ারী চূড়া। রাধাভাবাবিষ্ট প্রভুকে দেখিয়া শ্রীরাধা মনে করিয়াই কি শ্রীরাধার প্রাণবধু শ্রীগোপীনাথ রহঃকৌতুকবশতঃ স্বীয় পুষ্পচূড়া তাঁছার মাথায় পরাইয়া দিলেন ?
- ১৫। মহাপ্রভুর অসাধারণ ভাবের আবেশ, তেজস্থিতা, রূপ, গুণ ও প্রেম দেখিয়া গোপীনাথের সেবকগণ বিস্মিত হইলেন।
  - ১৬। **নানামতে প্রীতে**—প্রীতিপূর্বকি নানা প্রকারে প্রভুর সেবা করিলেন। করিলো বঞ্চন—যাপন করিলেন; রহিলেন।
- ১৭। মহাপ্রসাদ-ক্ষীরলোভে—গোপীনাথের ভোগে প্রত্যহ ক্ষীর দেওয়া হয়; এই ক্ষীররূপ মহাপ্রসাদ পাওয়ার আশায় মহাপ্রভু সেইস্থানে রহিলেন। কথা—যেরূপে গোপীনাথ মাধবেক্সপুরীর জন্ম ক্ষীর চুরি করিয়া-ছিলেন, সেই কথা।
  - ১৮। সেইত আখ্যান—ঈশ্বরপুরীর নিকট যাহা শুনিয়াছেন, সেই কথা।
- ২২। শৈল-পর্বত; এস্থলে গিরিগোবর্দ্ধন। গোবিন্দকুণ্ড-এই কুণ্ড গোবর্দ্ধনে অবস্থিত। সন্ধ্যায়-
- ২৩। **তুগ্ধভাও লইয়া**—মাধবেজপুরী সম্ভবতঃ কেবল ছগ্ধ পান করিতেন, এজন্ম তাঁহার নিমিত্ত শ্রীকৃষ্ণ গোপ-বালক-বৈশে ছগ্ধ লইয়া আসিয়াছিলেন। "যোগক্ষেমং বহাম্যহম্"—ইহাই গীতার বাক্য। **আরগি**—মাধ্বেজপুরীর সম্মুখে।
- ২৪। মাগি কেন নাহি খাও—যাচিয়া আনিয়া থাওনা কেন ? শ্রীপাদ মাধ্যেন্দ্র অ্যাচক ছিলেন; কাহারও নিকটে কিছু চাহিতেন না; অ্যাচিত ভাবে হ্র্মাত্র পাইলে তাহাই খাইতেন; তিনি হুধ ব্যতীত অ্যাক কছুই খাইতেন না বলিয়াই প্রবর্তী ৯০ প্যার হইতে মনে হয়। কিবা কর ধ্যান—কি ধ্যান কর, কাহার ধ্যান করিতেছে। রসিকশেথর যেন কিছুই জানেন না—প্রীগোস্বামী কাহার ধ্যান করিতেছেন। গোপবালক

বালকের সৌন্দর্য্যে পুরীর হইল সন্তোষ।
তাহার মধুর বাক্যে গেল ভোক-শোষ॥ ২৫
পুরী কহে—কে তুমি, কাহাঁ তোমার বাস ?।
কেমনে জানিলে—আমি করি উপবাস ?॥ ২৬
বালক কহে—গোপ আমি, এই গ্রামে বসি।
আমার গ্রামেতে কেহো না রহে উপবাসী॥ ২৭
কেহো মাগি খায় অয়, কেহো তুগ্ধাহার।
অধাচক্জনে আমি দিয়ে ত আহার॥ ২৮

জল লৈতে প্রীগণ তোমারে দেখি গেলা।
প্রী-সব তুগা দিয়া আমারে পাঠাইলা॥ ২৯
গোদোহন করিতে চাহি শীঘ্র আমি যাব।
আর বার আসি আমি এই ভাশু লৈব॥ ৩০
এত বলি বালক গেলা না দেখিয়ে আর।
মাধবপুরীর চিত্তে হৈল চমৎকার॥ ৩১
তুগা পান করি ভাশু ধুইয়া রাখিল।
বাট দেখে, সেই বালক পুন না আইল॥ ৩২

#### গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

সাজিয়া আসিয়াছেন কিনা, তাই বালক-স্বভাব-স্থলত কৌত্হল প্রকাশ করিতেছেন। শ্লেনার্থ—পুরী, তুমি বাঁহার ধ্যান করিতেছ, তিনিই তোমার সাক্ষাতে উপস্থিত।

- ২৫। ভোক্-কুধা। শোষ-ভৃষ্ণা, শুষ্টা।
- ২৭। আমার প্রামেতে—এই গ্রামে। কেহ না রহে ইত্যাদি—আমার এই গ্রামে কেহ উপবাসী থাকিতে পারে না।
- ২৮। অযাচক ইত্যাদি—যাহারা কাহারও নিকটে কিছু যাচ্ঞা করে না এবং করিবে না বলিয়া ব্রতধারণ করিয়াছে, আমি তাঁহাদের আহার যোগাই। বালকবেশী শ্রীর্বন্ধ এম্বলে ভঙ্গীক্রমে নিজের একটু পরিচয় দিলেন, অবশু খুব প্রচ্ছিরভাবে। শ্রীরুক্তের ইচ্ছাতে কিন্তু পর্মভাগবত হইয়াও প্রীগোস্বামী তথনও তাঁহাকে চিনিতে পারেন নাই।
  - ২৯। "কেমনে জানিলে আমি করি উপবাস"—এই প্রশ্নের উত্তর দিতেছেন, বালক।
- জল লৈতে ইত্যাদি—জল নেওয়ার জন্ম আমার গ্রামের স্ত্রীলোকগণ এই গোবিন্দকুণ্ডে আসিয়াছিলেন ; তাঁহারা তোমাকে দেখিয়া গিয়াছেন এবং তুধ দিয়া আমাকে এখানে পাঠাইয়াছেন।

বালকের বোধ হয় সন্দেহ হইয়াছিল—"আমার অস্ত্যব্যামিত্বের কথা না জানি পুরীর মূনে ব্যুরিত হয়, তাহা হইলেই তো তাঁহার নিকটে আমি ধরা পড়িয়া যাইন। পুরীর মত মহাপ্রেমিক পরম-ভাগবতনিগের নিকটে আমার আত্মগোপন তো সন্তব নয়।" এইরপ সন্দেহমূলক চিন্তার পরেই—সন্তবতঃ পুরীকে ভুলাইবার জন্ম চতুর-চুড়ামণি বালক বলিলেন—"আমার প্রামের স্ত্রীলোকগণ—গোপীগণ জল নেওয়ার জন্ম এই গোবিন্দকুণ্ডে আসিয়া-ছিলেন। তাঁহারা তোমাকে দেখিয়াছেন, দেখিয়াই বুঝিতে পারিয়াছেন—ভূমি তথনও কিছু থাও নাই, তাই তাঁহারা তোমার জন্ম তুধ দিয়া তোমাকে দেওয়ার জন্ম আমাকে পাঠাইয়াছেন।" গোপীরা তাঁহাকে জানাইলেই যেন তিনি জানিতে পারেন, এবং তিনি গোপীদেরই আজ্ঞাবহ—ইহাও যেন ভন্সীতে জানান হইল। ভক্তবংসল ভগবান্ সকল বিষয়েই ভক্তপরাধীন; ভক্তের কোনও সেবা করিতে পারিলে, ভক্তের ইচ্ছা পূর্ণ করিতে পারিলে তিনি যেন নিজেকে কতার্থ জ্ঞান করেন। তাই তাঁহার শ্রীমুখোজি—"নদ্ভক্তানাং বিনোদার্থং করোমি বিবিধাং ক্রিয়াঃ।"

- ৩০। পুরীর সাক্ষাতে অধিকক্ষণ থাকিলে পাছে বা তাঁহার প্রেমোজ্জ্বল চিত্তে নিজের পরিচয়**টা** প্রকাশ হইয়া পড়ে, এই আশঙ্কাতেই বোধ হয়, বালক হুগ্গদোহনের ছলে তাড়াতাড়ি সরিয়া গেলেন। তাঁহার প্রাণপ্রিয় ভক্তের সঙ্গে কত লুকোচুরিই যে তিনি খেলিতে জানেন।
  - ৩১। না দেখিয়ে আর—যেন হঠাৎ অদৃশু হইয়া গেলেন। তাই পুরীগোস্বামীর বিশ্বয় (চমৎকার)। ৩২-৩৩। বাট—পথ। পুরী-গোস্বামী বালকের আগমন প্রতীক্ষা করিয়া পথের দিকে চাহিয়া আছেন।

বিদি নাম লয় পুরী, নিদ্রা নাহি হয়।
শেষ রাত্রে তন্দ্রা হৈল—বাহ্যর্ত্তি লয়॥ ৩৩
স্বপ্ন দেখে—দেই বালক সম্মুখে আসিয়া।
এক কুঞ্জে লঞা গেলা হাতেতে ধরিয়া॥ ৩৪
কুঞ্জ দেখাইয়া কহে—আমি এই কুঞ্জে রই।
শীত রৃষ্টি দাবাগ্নিতে জঃখ বড় পাই॥ ৩৫
গ্রামের লোক আনি আমা কাঢ় কুঞ্জ হৈতে।
পর্বতি উপরে লঞা রাখ ভালমতে॥ ৩৬
এক মঠ করি তাহা করহ স্থাপন।
বহু শীতল-জলে আমা করাহ স্থপন॥ ৩৭

বহুদিন তোমার পথ করি নিরীক্ষণ—।
কবে আদি মাধব আমা করিবে সেবন ?॥ ৩৮
তোমার প্রেমবশে করি সেবা অঙ্গীকার।
দর্শন দিয়া নিস্তারিব সকল সংসার॥ ৩৯
শ্রীগোপাল নাম মোর গোবর্দ্ধনধারী।
বক্ষের স্থাপিত আমি—ইহাঁ অধিকারী॥ ৪০
শৈল-উপর হৈতে আমা কুঞ্জে লুকাইয়া।
শ্লেচ্ছভয়ে সেবক আমার গেল পলাইয়া॥ ৪১
সেই হৈতে রহি আমি এই কুঞ্জস্থানে।
ভাল হৈল আইলা, আমা কাঢ় সাবধানে॥ ৪২

# গোর-কূপা-তরঙ্গিণী টীকা।

নাম লায়—হরিনাম করেন। তল্রা—অল্ল নিজা; নিজার ভাব। বা**হ্যবৃত্তিলয়**—ইন্দ্রিগণের বাহিরের ক্রিয়া লোপ পাইল; অন্তর্ক্তি সম্পূর্ণভাবেই জাগ্রত রহিল।

- 98। সেই বালক—যে গোপ-বালক পুরীগোস্বামীকে ছগ্ধ দিয়া গিয়াছিলেন। কুঞ্জ—লতা ও পত্রাদি দারা চতুদ্দিক্ আচ্ছাদিত স্থান। হাতেতে ধরিয়া—পুরীগোস্বামীর হাত ধরিয়া।
- ৩৫। দাবারি—বনের মধ্যে বৃক্ষসকলের সংঘর্ষণে যে আগুন জ্বলে, তাহাকে দাবাগি বলে। স্বয়ং ভগবান্
  শীক্ষেরে শীতগ্রীম্বর্ষাদি হইতে, কি দাবাগি হইতে কোনওরূপ রুষ্ট পাওয়ারই সম্ভাবনা নাই। তাঁহার ক্ষাভ্ষণেও
  দাই; কারণ, তিনি আত্মারাম, পূর্ণতম ভগবান্। তবে, ভক্তের প্রতি রূপা করিবার নিমিত্ত লীলাশক্তির ইক্তিতে
  ক্ষাভ্ষণেদির, বা শীত-গ্রীমাদি হইতে কষ্টের আবেশ তাঁহাতে জ্বো; এইরূপ আবেশ হয় বলিয়াই ভক্ত তাঁহার
  দোবার স্থােগ পায়েন, তাঁহারও লীলার অস্বাদন সম্ভব হয়। এই আবেশ তাঁহার লীলাশক্তিরই বৈচিত্রীবিশেষ।
  - ৩৬। কাঢ়—বাহির কর। পর্বত-উপরে—গোবর্দ্ধন-পর্বতের উপরে।
- 80। বজ্ঞা—শ্রীকৃষ্ণের পূল প্রহায়, প্রহায়ের পূল অনিকৃদ্ধ, অনিকৃদ্ধের পূল বজ্ঞ। মৌষল-লীলায় য়হ্বংশ ধ্বংস হইয়া গেল; কিন্তু কতিপয় স্ত্রীলোক, বালক, বৃদ্ধ সহ বর্জ অবশিষ্ট ছিলেন। অর্জ্জুন তাঁহাদিগকে ইন্দ্রপ্রস্থে নিয়া স্থাপন করিলেন এবং বজ্ঞকে অভিষিক্ত করিলেন (শ্রীভা, ১০১০০৭ এবং ১১০১০২৫)। কথিত আছে, এই বজ্ঞই শ্রীকৃষ্ণের এই শ্রীমূর্ত্তি নির্মাণ করাইয়া সেবা প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইই। অধিকারী—এইস্থানে আমারই অধিকার।
- 85-8২। শৈল-উপর—গোবর্ধনের উপরে। গোপালদেব বলিলেন—"গোবর্ধনের উপরে আমার মনির ছিল; স্লেচ্ছগণ যথন এদেশ আক্রমণ করে, তথন তাহাদের ভয়ে আমার সেবকগণ মনির হইতে আনিয়া আমাকে এই কুঞ্জের মধ্যে লুকাইয়া রাখিয়া পলাইয়া গিয়াছে। তদবধিই আমি এই কুঞ্জে আছি। তুমি এখন আমাকে বাহির করিয়া লও।" সাবধানে—সতর্কতার সহিত, অঙ্গে যেন কোনওরূপ আঘাতাদি না লাগে।

শ্রীপাদ মাধবেজপুরীগোস্বামীর প্রেমের প্রভাব এবং স্বীয় ভক্তবাংসলা ও ভক্তবশুতার মহিমা জগতে খ্যাপিত করিবার উদ্দেশ্যেই শ্রীগোপালদেবের এই সকল লীলা। নতুবা শ্লেচ্ছ হইতেই বা তাঁহার আবার ভয় কিসের প্রেচ্ছভয়ে সেবক তাঁহাকে কুঞ্জে লুকাইয়া রাখিয়া গেলেও, সেই ভয়ের কারণ দূর হইয়া গেলে সেবকই বা তাঁহাকে পুনরায় কুঞ্জ হইতে লইয়া গেলেন না কেন ? ভগবানের সেবার জন্ম প্রেমী ভক্তের যে রূপ উৎকণ্ঠা, প্রেমী-ভক্তের সেবা গ্রহণের জন্মও ভক্তবংসল ভগবানের সেইরূপ বা ততোধিক উৎকণ্ঠা।

এত বলি সে বালক অন্তৰ্দ্ধান কৈল। জাগিয়া মাধবপুরী বিচার করিল—॥ ৪৩ কৃষ্ণকে দেখিত্ব মুঞি নারিত্ব চিনিতে। এত বলি প্রেমাবেশে পড়িলা ভূমিতে॥ ৪৪ ক্ষণেক রোদন করি মন কৈল ধীর। আজ্ঞা পালন লাগি হইলা স্থস্থির॥ ৪৫ প্রাতঃস্নান করি পুরী গ্রামমধ্যে গেলা। সবলোকে একত্র করি কহিতে লাগিলা। ৪৬ গ্রামের ঈশর তোমার গোবর্দ্ধনধারী। কুঞ্জে আছেন, চল তাঁরে বাহির যে করি॥ ৪৭ অত্যন্ত নিবিড় কুঞ্জ—নারি প্রবেশিতে। কুঠার কোদালি লহ ছয়ার করিতে॥ ৪৮ শুনি লোক তাঁর সঙ্গে চলিলা হরিষে। কুঞ্জ কাটি দ্বার করি করিলা প্রবেশে॥ ৪৯ ঠাকুর দেখিল মাটি-তৃণে আচ্ছাদিত। দেখি সব লোক হইল আনন্দে বিশ্বিত॥ ৫০ আবরণ দূর করি করিলা বিদিতে। মহা ভারি ঠাকুর—কেহো নারে চালাইতে॥ ৫১ মহামহা বলিষ্ঠ লোক একত্র হইয়া। প্রবিত-উপরে গেলা ঠাকুর লইয়া॥ ৫২

পাথরের সিংহাসনে ঠাকুর বসাইল। বড় এক পাথর পৃষ্ঠে অবলম্বন দিল।। ৫৩ গ্রামের ব্রাহ্মণ সব নবঘট লঞা। গোবিন্দকুণ্ডের জল আনিল ছানিঞা। ৫৪ নব শৃত্ঘট জল কৈল উপনীত। নানা বাছ ভেরী বাজে, স্ত্রীগণে গায় গীত। ৫৫ কেহো গায় কেহো নাচে-মহোৎসব হৈল। অনেক সামগ্রী যত্ন করি আনাইল। ৫৬ দধি তুগ্ধ ঘুত আইল যত গ্ৰাম হইতে। ভোগসামগ্রী আইল সন্দেশাদি কতে॥ ৫৭ তুলস্থাদি পুষ্পা বস্ত্র আইল অনেক। আপনে মাধবপুরী করে অভিষেক॥৫৮ অঙ্গ-মলা দূর করি করাইল স্নপন। বল্ত তৈল দিয়া কৈল শ্রীঅঙ্গ চিকণ ॥ ৫৯ পঞ্চাব্য-পঞ্চামূতে স্নান করাইয়া। মহাসান করাইল শতঘট দিয়া॥ ৬০ পুন তৈল দিয়া কৈল শ্রীঅঙ্গ চিকণ। শৃঙ্খ-গন্ধোদকে কৈল স্নান সমাপন॥ ৬১ শ্রীঅঙ্গ-মার্জ্জন করি বস্ত্র পরাইল। চন্দন তুলসী পুষ্পামালা অঙ্গে দিল। ৬২

# গৌর-কুপা-তরঙ্গিণী চীকা।

- ৫১। আবরণ—আচ্ছাদন; উপরিস্থিত মাটী ও তৃণ। করিলা বিদিতে—পুরী-গোস্বামীকে জানাইলেন। অথবা, তৃণ-মাটী সম্পূর্ণরূপে দূর করিয়া শ্রীগোপালদেবকে সকলের দৃষ্টির গোচরীভূত করিলেন।
- ৫৩। পাথরের সিংহাসনে—একখানা পাথরকে সিংহাসন করিয়া তাহার উপরে। এক পাথর পৃষ্ঠে—পৃষ্ঠের দিকেও বড় একখানা পাথর দিলেন, যেন শ্রীমূর্ত্তি পেছনের দিকে পড়িয়া না যাইতে পারেন। অবলম্বন—আশ্রয়।
  - ৫৪। এক্ষণে শ্রীগোপালের অভিষেকের আয়োজন হইতেছে। নবঘট—নূতন কলস। ছানিয়া—ছাঁকিয়া।
  - ৫৫। **নবশত ঘট**—একশত নূতন ঘট। **উপনীত—**উপস্থিত।
  - ৫৯। অঙ্গমলা—অঙ্গের ময়লা; মাটী আদি। স্পেন—সান। **চিক্কণ**—চক্চকে।
  - ৬০। পঞ্চাব্য-গোমূত্র, গোময়, দধি, ত্ব্ব ও স্বত। পঞ্চামূত-দধি, ত্ব্ব, স্বত, মধু, চিনি।
- ৬১। শঙ্মণকোদকে—শঙ্মমধ্যস্থিত গদ্ধোদকে। গাস্ধোদক—স্থান্ধিজল। শঙ্মের মধ্যে জল রাখিয়া তাহাতে চন্দন, কর্পুর, পূষ্প প্রভৃতি দিয়া সেই জলকৈ স্থান্ধি করা হইয়াছে।
- "গন্ধোদক" স্থলে "গঙ্গোদক" পাঠান্তরও দৃষ্ট হয় ; গঙ্গোদক—গঙ্গাজল। কিন্তু এই পাঠ সঙ্গত বলিয়া মনে হয় না ; গোবৰ্দ্ধনে গঙ্গাজল পাওয়ার সন্তাবনা খুবই কম।

ধূপ দীপ করি নানা ভোগ লাগাইল। দধি-দুগ্ধ-সন্দেশাদি যত কিছু আইল॥ ৬৩ স্থাসিত জল নব্যপাত্রে সমর্পিল। আচমন দিয়া পুন তান্ধূল অর্পিল। ৬৪ আরতি করিয়া কৈল বহুত স্তবন। দণ্ডবৎ করি কৈলা আত্মসর্পণ॥ ৬৫ গ্রামের যতেক তণ্ডুল দালি গোধুম-চুর্ণ। সকল আনিয়া দিল—পৰ্ব্বত হৈল পূৰ্ণ॥ ৬৬ কুন্তকারের ঘরে ছিল যত মৃদ্ধাজন। সব আইল, প্রাতে হৈতে চটিল রন্ধন ॥ ৬৭ দশ বিপ্র অন্ন রান্ধি করে এক স্তৃপ। জন-চারি পাঁচ রান্ধে ব্যঞ্জনাদি সূপ॥ ৬৮ বশু শাক-ফল-মূলে বিবিধ বাঞ্জন। কেহো বড়া বড়ী কড়ি করে বিপ্রগণ ॥ ৬৯ জন পাঁচ সাত কূটী করে রাশি রাশি। অন্নব্যঞ্জন সব রহে ঘূতে ভাসি॥ १० নববস্ত্র পাতি তাতে পলাশের পাত। রান্ধি রান্ধি তার উপর রাশি কৈল ভাত॥ ৭১

তার পাশে রুটিরাশি উপপর্বত হৈল। সূপ-ব্যঞ্জন ভাগু সব চৌদিকে ধরিল॥ এ২ তার পাশে দধি ছগ্ধ মাঠা শিখরিণী। পায়স মথনী সর পাশে ধরি আনি॥ ৭৩ হেনমতে অন্নকৃট করিল সাজন। পুরীগোদাঞি গোপালেরে কৈল সমর্পণ ॥ ৭৪ অনেক ঘট ভরি দিল সুশীতল জল। বহুদিনের ক্ষুধায় গোপাল খাইল সকল ॥ ৭৫ যত্তপি গোপাল সব অন্ন ব্যঞ্জন খাইল। তাঁর হস্তস্পর্শে অন্ন পুন তৈছে হৈল॥ ৭৬ ইহা অনুভব কৈল মাধব-গোসাঞি। তাঁর ঠাঞি গোপালের লুকা কিছু নাঞি। ৭৭ এক দিনের উদ্যোগে ঐছে মহোৎসব হৈল। গোপাল প্রভাবে হয়, অত্যে না জানিল।। ৭৮ আচমন দিঞা দিল বিড়ার সঞ্চয়। আরতি করিল—লোকে করে জয় জয়। ৭৯ শ্য্যা করাইল নূতন খাট আনাইয়া। নববস্ত্র আনি তার উপরে পাতিয়া॥৮০

# গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

৬৩। ধূপদীপ করি—ধূপ ও দীপ দানের পরে; অভিষেক-আরতির পরে।

৬৪। নব্য পাত্রে—ন্তন পাত্রে স্থাসিত (কর্প্র বাসিত) জল দিলেন, শ্রীগোপালের পানের নিমিন্ত। ভাস্কা—পান।

৬৬-৬৭। তণ্ডুল— চাউল। দালি—ভাইল। গোধুম-চূর্ণ—ময়দা, আটা, স্থজি প্রভৃতি। মৃদ্ভাজন— মাটীর পাত্র।

৬৮-৬৯। সূপ—ডাইল। বন্য-বনে যাহা জন্ম। কড়ি—ব্রজবাসীদের একরকম খাতা; দধি ও বেসম সংযোগে ইহা প্রস্তুত হয়।

৭২। তার পাশে—ভাতরাশির পাশে। উপ-পর্বত—ছোট পাহাড়।

৭৩। সাঠা—বোল। শিখরিণী—দধি, জ্গ্ন, চিনি, মরিচ এবং কর্প্র এই পাঁচটী দ্রব্য মিশ্রিত করিলে শিখরিণী হয়। মথনী—মাখন। "মাখন" পাঠও দৃষ্ট হয়। সর—ছ্থের সর। "সর" স্থলে "সব" পাঠও দৃষ্ট হয়।

৭৪। **অন্নকৃট**—রাশিকৃত অন্ন, অনের পাহাড়।

৭৫-৭৭। ভক্তবংসল শ্রীগোপালদেব সমস্ত উপকরণই খাইরা ফেলিলেন; কিছু তাঁহার অচিস্তাশক্তির প্রভাবে তাঁহার হস্তস্পর্শে অন্ন-ব্যঞ্জনাদির সমস্ত পাত্রই আবার পূর্বেবং পূর্ণ হইরা উঠিল; অন্ত কেহই ইহা অন্তভ্রত করিতে (বুঝিতে) পারেন নাই; একমাত্র মাধবেন্দ্রপুরীগোস্বামীই তাঁহার ভক্তিপ্রভাবে শ্রীগোপালের এই ভোজনলীলা প্রত্যক্ষ করিতে এবং তাঁহার এই অচিস্তাশক্তি অন্তভ্র করিতে পারিয়াছেন। ভক্তের নিকটে ভগবানের গোপনীয় কিছুই থাকিতে পারে না। লুকা কিছু নাই—কিছুই গোপনীয় নাই।

তৃণটাটি দিয়া চারিদিগ আবরিল।
উপরেহ এক টাটি দিয়া আচ্ছাদিল। ৮১
পুরীগোসাঞি আজ্ঞা দিল সকল ব্রাহ্মণে।
আবাল-বৃদ্ধ গ্রামের লোক করাহ ভোজনে। ৮২
সব লোক বিদি ক্রমে ভোজন করিল।
ব্রাহ্মণ-ব্রাহ্মণী-গণে আগে খাওয়াইল। ৮৩
অন্য গ্রামের লোক যেই দেখিতে আইল।
গোপাল দেখিয়া সভে প্রসাদ খাইল। ৮৪
দেখিয়া পুরীর প্রভাব লোকে চমৎকার।
পূর্বি অন্নকৃট যেন হৈল সাক্ষাৎকার। ৮৫
সকল ব্রাহ্মণে পুরী বৈঞ্চব করিল।
সেই দেই সেবামধ্যে সভা নিয়োজিল। ৮৬
পুন দিনশেষে প্রভুর করাইল উত্থান।

কিছুভোগ লাগাইয়া করাইল জলপান॥৮৭
'গোপাল প্রকট হৈল' দেশে শব্দ হৈল।
আশ-পাশ গ্রামের লোক দেখিতে আইল॥৮৮
একৈক দিন একৈক গ্রামে লইল মাগিয়া।
অন্নকূট করে সভে হরষিত হঞা॥৮৯
রাত্রিকালে ঠাকুরেরে করাইয়া শয়ন।
পুরীগোসাঞি কৈল কিছু গব্যভোজন॥৯০
প্রাতঃকালে পুন তৈছে করিল সেবন।
অন্ন লঞা এক গ্রামের আইল লোকগণ॥৯১
অন্ন ঘৃত দিধ ছগ্ধ—গ্রামে যত ছিল।
গোপালের আগে লোক আনিঞা ধরিল॥৯২
পূর্বিদিন-প্রায় বিপ্র করিল রন্ধন।
তৈছে অন্নকূট গোপাল করিল ভোজন॥৯০

# গোর-কুপা-তরঙ্গিণী-টীকা।

- ৭৯। বিভার সঞ্য পানের থিলি সকল।
- ৮১। তৃণ-- ঘাস, পাতা। টাটি-- ঝাপ, বেড়া। তৃণটাটি-- তৃণনির্শিত বেড়া।
- ৮৫। পূর্ব অন্নকূট—শ্রীকৃষ্ণের প্রকট সময়ে গোবর্দ্ধন-পূজা উপলক্ষে যে অন্নকূট হইয়াছিল, এখনও যেন তাহাই হইল।

শারদীয়া পূজার পরবর্ত্তী অমাবস্থার পরের প্রতিপদ-তিথিতে অরক্ট পর্ব্ব হয়। এই তিথিতে পূর্ব্বকালে ব্রজবাসিগণ ইন্দ্রপূজা করিতেন; কিন্তু শ্রীকৃষ্ণ প্রকটিত হইয়া ইন্দ্রপূজা বন্ধ করিয়া তৎস্থলে গোবর্ধন-পূজার ও গোপূজার প্রবর্ত্তন করেন। তাঁহার যুক্তি ছিল এইরূপ:—"গো-সকলই ব্রজবাসীদের ধনসম্পত্তি; স্কৃতরাং গোপূজা আবশুক। আর গোবর্ধনপর্বত তুণাদি দারা গোসকলের আহার্য্যাদি যোগায়; স্কৃতরাং গোবর্ধনই ব্রজবাসীদিগের মহোপকারক; তাই গোবর্ধনের পূজা করাই সঙ্গত।" তাঁহার যুক্তির সারবন্তা বুঝিয়া ব্রজবাসিগণ উক্ত তিথিতে ইন্দ্রপূজার পরিবর্তে গোবর্ধনের পূজা করেন এবং এই পূজার উপকরণরূপে অরাদির পর্বত-প্রমাণ স্কৃপ (অরের কূট) সজ্জিত করিয়া-ছিলেন; তাই এই উৎসবকে অরক্ট-উৎসব বলা হয়।

- ৮৬। ব্রজবাদী ব্রাহ্মণদের মধ্যে সকলকেই তিনি বিষ্ণুমন্ত্রে দীক্ষা দিয়া বৈষ্ণব করিলেন এবং তাঁহাদের সকলকেই শ্রীগোপালদেবের সেবায় নিয়োজিত করিলেন।
- সেই সেই সেবামধ্যে—কাহাকেও রন্ধনে, কাহাকেও পূজার দ্রব্য সংগ্রহে, ইত্যাদি সেবার মধ্যে যাঁহাকে যে সেবার উপযুক্ত মনে করিলেন, তাঁহাকে সেই সেবায় নিয়োজিত করিলেন।
  - ৮৯। এক একদিন এক এক গ্রামের লোক অন্নক্ট-মহোৎসব করিবার জন্ম অন্থমতি মাগিয়া লইলেন।
- ৯০। গব্য-ভোজন— গো-হ্গ্ধ-পান এবং হ্গ্নজাতদ্রব্য ভোজন; যে সব জিনিস ভোগ লাগিয়াছিল, তাহার মধ্যে প্রী-গোস্বামী কেবল হ্গ্ন এবং হ্গ্নজাতদ্রব্যই গ্রহণ করিলেন, আর কিছু গ্রহণ করিলেন না; ইহাতে মনে হয়, হ্গ্নজাতদ্রব্য ব্যতীত অন্থ কিছু তিনি আহার করিতেন না।
  - ৯১। **অম্ন**—চাউল, ময়দা, প্রভৃতি।

ব্রজবাসিলোকের কৃষ্ণে সহজ পিরীতি।
গোপালের সহজ প্রীতি ব্রজবাসিপ্রতি॥ ৯৪
মহাপ্রসাদ খাইল আসিয়া সব লোক।
গোপাল-দর্শনে খণ্ডে সন্তার তুঃখ-শোক॥ ৯৫
আশপাশ ব্রজভূমের যত গ্রাম সব।
একৈক দিন সভে করে মহোৎসব॥ ৯৬
'গোপাল প্রকট' শুনি নানাদেশ হৈতে।
নানা দ্রব্য লঞা লোক লাগিলা আসিতে॥৯৭
মথুরার লোক সব—বড়বড় ধনী।
ভক্তি করি নানা দ্রব্য ভেট ধরে আনি॥ ৯৮

স্বৰ্ণ রৌপ্য বস্ত্ৰ গন্ধ ভক্ষ্য উপহার।
অসম্ব্য আইদে নিত্য—বাঢ়িল ভাণ্ডার॥ ৯৯
এক মহাধনী ক্ষত্রিয় করাইল মন্দির।
কেহো পাকভাণ্ডার কৈল কেহো ত প্রাচীর॥১০০
একৈক ব্রজবাদী একৈক গাবী দিল।
সহস্রসহস্র গাবী গোপালের হৈল॥ ১০১
গোড় হৈতে আইল ছুই বৈরাগী ব্রাক্ষণ।
পুরীগোসাঞি রাখিল তারে করিয়া যতন॥ ১০২
সেই ছুই শিষ্য করি সেবা সমর্পিল।
রাজসেবা হয়, পুরীর আনন্দ বাঢ়িল॥ ১০৩

#### গৌর-কুপা-তরক্সিণী-টীকা।

১৪। সকল লোকে শ্রীগোপালকে এত দ্রব্যাদি দেয় কেন, ভাহার কারণ বলিতেছেন। বাজবাসী ইত্যাদি—শ্রীগোপালের প্রতি বজবাসীদিগের স্বাভাবিকী প্রীতি আছে; এজন্ম তাঁহারা তাঁহাকে নানাদ্রব্য দেন। আর ব্রজবাসীদিগের প্রতিও শ্রীগোপালের স্বাভাবিকী প্রীতি আছে; তাই তাঁহাদের দ্রব্য গ্রহণের জন্মও তাঁহার অত্যন্ত লোলসা। এ জন্ম তাঁহারা যাহা দেন, তিনি তাহাই গ্রহণ করেন।

সহজ প্রীতি—স্বাভাবিকী প্রীতি; শরীরের স্বভাবে যেমন জুগা-পিপাসাদি হয়, তজ্ঞপ ব্রজবাসীদিগের শরীর ও মনের স্বভাবেই শ্রীগোপালের প্রতি প্রীতি আছে।

- ১০০। পাকভাণ্ডার—পাক এবং ভাণ্ডার। পাক—পাক্ষর। ভাণ্ডার—ভাণ্ডার ধর। প্রাচীর— অঙ্গনের বা বাজীর চারিদিকের দেওয়াল।
- ১০২। বৈরাগী ব্রাহ্মণ—বিষয়-বৈরাগ্যবান্ (অর্থাৎ বিষয়ে অনাসক্ত) ব্রাহ্মণ; সন্মাসী নহেন—কারণ, দীক্ষার পরেই সন্মাস গ্রহণ; তাঁহাদের তথনও দীক্ষা হয় নাই। গ্রেষ্টি—বাঙ্গালা দেশ।
- ১০৩। শিষ্য করি—শ্রীকৃষ্ণমন্ত্রে দীক্ষা দিয়া। সেবা সমর্পিল—সেবার স্থচাক নির্কাহের নিমিত্ত তাঁহাদের হস্তে শ্রীগোপালের সেবার ভার দিলেন। রাজসেবা—রাজোচিত উপকরণে সেবা।

ভক্তিরত্বাকর, পঞ্চনতরঙ্গ, হইতে জানা যায়, শ্রীপাদ নাধবেন্দ্রপুরীর যে তুই বাঙ্গালী ভ্রাহ্মণ-শিয়ের উপর শ্রীপোপালদেবের সেবার ভার অর্পিত হইয়াছিল—"সেই তুই বিত্রের অদর্শনে। কথোদিন সেবে কোন ভাগ্যবস্ত জনে॥ শ্রীদাসগোস্বামী আদি পরামর্শ করি। শ্রীবিট্ঠলেশ্বরে কৈল সেবা অধিকারী॥ পিতা শ্রীবল্পতন্তু, তাঁর অদর্শনে। কথোদিন মথুরায় ছিলেন নির্জ্জনে॥ পরম বিহ্বল গৌরচন্দ্রের নীলায়। সদা সাবধান এবে গোপাল-সেবায়॥ ভক্তিরত্বাকর।২১০-১৪ পৃঃ॥" শ্রীবিট্ঠলেশ্বরের পিতা বল্লভ-ভট্টও মহাপ্রভৃতে অত্যন্ত শ্রীতিমান্ ছিলেন; বৃন্দাবন হইতে ফিরিবার পথে প্রভূ যথন প্রয়াগে আসিয়াছিলেন এবং শ্রীরূপগোস্বামী যথন সেখানে প্রভূর সহিত নিন্দাত হইয়াছিলেন, তথন বল্লভ-ভট্ট প্রভূকে নিমন্ত্রণ করিয়া প্রয়াগের নিক্টবর্তী আড়ৈলপ্রামে স্বগৃহে নিয়া গিয়াছিলেন এবং অত্যন্ত ভক্তিশ্বাম সহকারে প্রভূর ভিক্ষা করাইয়াছিলেন (মধ্যলীলা, ১৯শ পরিছেন)। ইহার কয়েক বৎসর পরে বল্লভ-ভট্ট শ্রীমদ্ভাগতের টীকা লিখিয়া তাহা প্রভূকে দেখাইবার নিমন্ত নীলাগলে যান। সেস্থানে তিনি শ্রীলগণাধর-পণ্ডিতগোস্বামীর নিকটে কিশোর-গোপাল মন্ত্রে দীক্ষিত হন; পূর্বের তাঁর উপাসনা ছিল বালগোপালের (অস্থ্যলীলা ৭ম পরিছেন্দ)। ইহার পরে তিনি সপরিবারে মপুরামণ্ডলে গিয়া বাস করেন। শ্রীরূপাদি গোস্বামিবর্গের সহিতও তাঁহার খুব সম্প্রাতি ছিল। শ্রীপাদ বিশ্বনাথচক্রবর্তীর শ্রীলগোপাল-বাস করেন। শ্রীরূপাদি গোস্বামিবর্গের সহিতও তাঁহার খুব সম্প্রীতি ছিল। শ্রীপাদ বিশ্বনাথচক্রবর্তীর শ্রীলগোপাল-

এইমত বৎসর্-ছুই করেন সেবন। একদিন পুরীগোসাঞি দেখিল স্বপন—॥ ১০৪ গোপাল কহে—পুরী! আমার তাপ নাহি যায়। মলয়জ-চন্দন লেপ,—ভবে সে জুড়ায়॥ ১০৫

# গৌর কুপা-তর क्रिगी-টীকা।

দেবাষ্টকে" লিখিত আছে—"অধিধরমমুরাগং মাধবেজ্রস্ত তন্ত্বং স্তদমলন্ত্রদয়োখাং প্রেমসেবাং বির্গন্। প্রকটিত-নিজশক্ত্যা বল্লভাচার্য্যভক্ত্যা ফুরতি হৃদি স এব শ্রীলগোপালদেবঃ॥—শ্রীপাদ মাধ্বেদ্রপুরীগোস্বামীর অতি প্রবৃদ্ধ অন্থরাগ ৰিস্তার করতঃ তাঁহারই বিশুদ্ধ হৃদয়োখ-ভাবময়ী প্রেমদেবার আদর্শ যিনি প্রদর্শন করিয়াছেন, স্থপ্রকটিত নিজের দেই শক্তির সহিত এবং বল্লভাচার্য্যের (বল্লভ-ভটের) ভক্তির সহিত সেই শ্রীগোপালদের আমার হৃদয়ে ক্রিত হউন।" ইহাতে মনে হয়, শ্রীপাদ বল্লভ-ভট্টও গোপালদেবের সেবার বিশেষ আতুকুল্য করিতেন। খাহা হউক, তাঁহার অন্তর্জানের পরে তাঁহার পুত্র বিট্ঠলেশ্বর মথুরায় নির্জ্জনে বাস করিতে থাকেন। তিনি "প্রীকৃষ্ণতৈতন্ত বিগ্রহের" সেবা করিতেন; রাঘব-পণ্ডিতের সঙ্গে শ্রীনিবাস-আচার্য্য ব্রজমণ্ডল-পরিক্রমা উপলক্ষ্যে গোপাল-দর্শনের জন্ম যথন গাঁঠুলি-গ্রামে গিয়াছিলেন, তথন সেস্থানে—"বিট্ঠলের সেবা কৃষ্ণচৈতন্মবিগ্রহ। তাহার দর্শনে হৈল পরম আগ্রহ।। ভক্তিরত্নাকর, ৫ম তরঙ্গ। যাহা হউক, গোপালের সেবক বাঙ্গালী ব্রাহ্মণদ্বয়ের দেহরক্ষার পরে অস্থায়ীভাবে "কোনও ভাগ্যবস্তজনে" গোপালের সেবা করিয়াছিলেন। তাহার পরে, শ্রীল রযুনাথদাসগোসামী সম্ভবতঃ শ্রীজীব-গোস্বামি প্রমুখ তৎকালীন বৃদ্যাবনবাসী বৈঞ্চবদের সহিত পরামর্শ করিয়াই শ্রীবিট্ঠলেখবের উপরে শ্রীগোপালদেবের সেবার ভার অর্পন করেন। শ্রীবিট্ঠলেশ্বরও যে অত্যস্ত শ্রদ্ধা ও প্রীতির সহিত গোপালদেবের দেবা করিয়াছিলেন, দাসগোস্বামীর "গোপালরাজ-ন্তোত্ত্র" হইতে তাহা জানা যায়। দাসগোস্বামী লিখিয়াছেন— "বিবিধ-ভজনপুষ্টে রিষ্টনামানি গৃহুন্ পুলকিততমুরিহ, শ্রীবিট্ঠলস্থোক্ষস্থাঃ। প্রণয়মণিসরং স্বং হস্ত তব্মৈ দদানঃ প্রতপতি গিরিপটে স্বষ্ঠু গোপালরাজঃ ॥— যিনি শ্রীন্টিঠলের স্থ্যপ্রধান বিবিধ ভজনরূপ পুপদারা পুলকিতাঙ্গ হইয়া ইষ্টনাম-গ্রহণপূর্ব্বক উক্ত শ্রীবিট্ঠলেশ্বরকে প্রণয়রূপ মণিমালা অর্পণ করিয়াছেন, সেই শ্রীগোপালরাজ গিরিপট্টে প্রতাপযুক্ত হইয়া মনোহরক্সপে বিরাজ করুন।" এই সমস্ত বিবরণ হইতে বুঝা যায়, উল্লিখিত বাঙ্গালী ব্রাহ্মণ্রয়ের দেহত্যাগের পরে অপর কোনও বাঙ্গালীই শ্রীগোপালের সেবায় নিয়োজিত হন নাই। গৌরলীলারস-রসিক শ্রীল বিট্ঠলেশ্বরকে সেবার যোগ্য পাত্র মনে করিয়া বৃন্দাবনস্থ বৈষ্ণবাচার্য্যগণ তাঁহার উপরেই গোপালদেবের সেবার ভার অর্পণ করিয়াছিলেন। বল্লভ-ভট্ট এবং বিট্ঠলেশ্বর গৌড়ীয়-সম্প্রদায়ভুক্ত ছিলেন। বল্লভ-ভট্টের অপর নাম বল্লভাচার্য্য। যত্নাথ দাস তাঁহার "শাখানির্গামৃতে" বল্লভাচার্য্যকে গদাধর-শাখা-ভুক্ত (গদাধর পণ্ডিতগোস্থামীর মন্ত্রশিশ্য ছিলেন ) বলিয়া বর্ণন করিয়াছেন। প্রীজীবগোস্বামীর "বৈঞ্চব-বন্দনায়ও" বল্লভাচার্য্যের বন্দনা দৃষ্ট হয়। কবিকর্ণপুরও গৌরগণোদেশ-দীপিকাতে ব্লভাচার্য্যকে গৌরপরিকর এবং পূর্ব্বলীলায় শুকদেব ছিলেন বলিয়া উল্লেখ করিয়াছেন। আর বিট্ঠলেশ্বর যে শ্রীগোরের বিগ্রাহ-সেবা করিতেন, গোরলীলায় বিহ্নল হইয়া থাকিতেন, তাহা পুর্কেই বলা হইয়াছে। যাহা হউক, পরবর্তী কালে, সম্ভবতঃ বিট্ঠলেশ্বরের পরে, বল্লভাচার্য্য ও বিট্ঠলেশ্বরের শিষ্য-প্রশিষ্যাদি বোধ হয় পৃথক্ একটা সম্প্রদায় গঠন করিয়া বল্লভাচাষ্যকে তাহার প্রবর্ত্তকরূপে প্রচার করেন। এই সম্প্রদায়ই বর্ত্তমানে বল্লভাচারী সম্প্রদায় নামে পরিচিত।

১০৫। তাপ—শরীরের উত্তাপ; গ্রীশাহভব। মলায়জ চন্দন—মলায় পর্কতে যে চন্দন জন্ম; এই চন্দন অতি উৎস্থা লোপ—আমার অঙ্গে লেপিয়া দাও। জুড়ায়—আমার শরীর শীতল হয়।

পরবর্তী ১৮৫ পরারে বলা ছইরাছে—"এই তার গাঢ় প্রেম লোকে দেখাইতে। গোপাল তাঁরে আজ্ঞা দিল চন্দন আনিতে"। শ্রীগোপালের প্রতি শ্রীপাদমাধবেদ্রের প্রেম যে কত গাঢ়,—শ্রীগোপালের প্রতির নিমিন্ত তিনি যে অম্লানবদনে এবং সন্তুষ্টিতিক্ত কত কষ্ট স্বীকার করিতে পারেন—শ্রীগোপালের প্রীতিসম্পাদনের জন্ম কট স্বীকার করিয়া তিনি যে কত আনন্দ পান এবং এইরূপে তাঁহার সেবা করিতে পাইলে তিনি নিজের যে কত বড়

মলয়জ আন যাই নীলাচল হৈতে।
অন্য হৈতে নহে—তুমি চলহ স্বরিতে॥ ১০৬
স্বপ্ন দেখি পুরীগোসাঞি হৈলা প্রেমাবেশ।
প্রভু-আজ্ঞা পালিবারে চলিলা পূর্বিদেশ॥ ১০৭
দেবার নির্বন্ধ লোক করিল স্থাপন।
আজ্ঞা মাগি গৌড়দেশে করিল গমন॥ ১০৮
শান্তিপুর আইলা অদৈতাচার্য্যের ঘরে।
পুরীর প্রেম দেখি আচার্য্য আনন্দ অন্তরে॥ ১০৯
তাঁর চাঁই মন্ত্র লৈল যতন করিয়া।
চলিল দক্ষিণে পুরী তাঁরে দীক্ষা দিয়া॥ ১১০

রেমুণাতে কৈল গোপীনাথ-দরশন।
্রতার রূপ দেখি প্রেমাবেশ হৈল মন॥ ১১১
নৃত্যুগীত করি জগমোহনে বিদলা।
কাহাঁ কাহাঁ ভোগ লাগে?—ব্রাক্ষণে পুছিলা॥১১২
সেবার সোষ্ঠব দেখি আনন্দিত মনে।
উত্তমভোগ লাগে এথা—বুঝি অনুমানে॥১১৩
থৈছে ইহা ভোগ লাগে—সকলি পুছিব।
তৈছে ভিয়ানে ভোগ গোপালে লাগাব॥ ১১৪
এই লাগি পুছিলেন ব্রাক্ষণের স্থানে।
ব্রাক্ষণ কহিল সব ভোগবিবরণে—॥১১৫

# গৌর-কুণা-তর ক্লিণী টীকা।

সৌভাগ্য বলিয়া মনে করেন—ভক্তমাহাত্ম্যখ্যাপনের উদ্দেশ্যে জগতের লোককে তাহা দেখাইবার নিমিত্তই শ্রীগোপালদেব তাঁহার নিকটে চন্দন চাহিয়াছিলেন। বস্ততঃ শ্রীগোপালদেবের "কোটিচন্দ্র স্থাীতল শ্রীঅঙ্গে" কোনও তাপই থাকিতে পারে না। তাঁহার ভক্তকে রুতার্থ করিবার উদ্দেশ্যে এবং তাঁহাকে ভক্তের প্রেম্রস্-নির্য্যাস আস্বাদন করাইবার উদ্দেশ্যে লীলাশক্তিই স্বীয় বৈচিত্রীবিশেষ দারা গোপালের শ্রীঅঙ্গে তাপের অন্তব প্রকৃতিত করিয়াছিলেন (পূর্ব্ববর্তী ৩৫ পয়ারের টীকা দ্রেইব্য)।

১০৭। প্রেমাবেশ—প্রেমাবিষ্ট। পূর্বেদেশ—নীলাচলে; গোবর্দ্ধন হইতে নীলাচল প্রায় পূর্বাদিকৈই অবস্থিত।

১০৮। সেবার নির্বন্ধ লোক—গ্রীগোপালের সেবানির্ব্বাহের নিমিন্ত লোক নিযুক্ত করিলেন। আজ্ঞা মার্থি—যাত্রাসময়ে শ্রীগোপালের আজ্ঞা প্রার্থনা করিয়া। গ্রেণিড়দেশ—বাঙ্গালাদেশে। বাঙ্গালাদেশ্ হইয়া তিনি নীলাচলে গিয়াছিলেন।

১১০। পুরীগোস্বামীর প্রেমাবেশ দেখিয়া শ্রীত্তবৈতাচার্য্য তাঁহার প্রতি আরুষ্ট হইলেন এবং তাঁহার নিকটে দীক্ষামন্ত গ্রহণ করিলেন। বস্ততঃ অন্থ কিছুর অপেক্ষানা করিয়া একমাত্র যোগ্যতা দেখিয়াই মন্তগ্রহণ করা উচিত, শাস্ত্রের বিধিও তাহাই।

**দক্ষিণে**—নীলাচলে ; নীলাচল বাঙ্গালাদেশ হইতে দক্ষিণ দিকে অবস্থিত।

১১২। জগমোহনে—শ্রীমন্দিরের সন্মুখস্থ স্থানে; ইহা শ্রীমন্দিরেরই অংশ। কাহাঁ কাহাঁ—কি কি দ্রু। ব্রাহ্মণে—শ্রীগোপীনাথের সেবক ব্রাহ্মণকে।

১১৩-১৫। শ্রীগোপীনাথের ভোগে কি কি দ্রান্ত দেওয়া হয়, তাহা জিজ্ঞাসা করার কারণ এই কয় প্রারে বলা হইয়াছে। সেবার পরিপাটী দেখিয়া পুরীগোস্বামী অমুমান করিয়াছিলেন যে, উত্তম উত্তম জিনিসই গোপীনাথের ভোগে দেওয়া হয়; কি কি দ্রব্য দেওয়া হয়, কিরূপে তাহা প্রস্তুত হয়, তাহা জানিতে পারিলে তিনিও গোর্বর্ধনে ফিরিয়া গেলে ঠিক সেই ভাবে সেই দ্রব্য প্রস্তুত করিয়া শ্রীগোপালের ভোগে দিতে পারিবেন। তাই তিনি সেবক ব্রাহ্মণের নিকট উক্তরূপ প্রশ্ন করিয়াছিলেন।

সোষ্ঠব—পরিপান। এথা—এই স্থানে। তৈছে ভিয়ানে—সেইরূপ পাকপ্রণালীতে; সেইরূপে পাক করিয়া।

সন্ধ্যায় ভোগ লাগে ক্ষীর—অমুতকেলি নাম।
দাদশ মুৎপাত্র ভরি অমৃতদমান॥ ১১৬
'গোপীনাথের ক্ষীর' করি প্রসিদ্ধি যাহার।
পৃথিবীতে এছে ভোগ কাহাঁ নাহি আর॥ ১১৭
হেনকালে সেই ভোগ ঠাকুরে লাগিল।
শুনি পুরীগোসাঞি কিছু মনে বিচারিল॥ ১১৮
অযাচিত ক্ষীর-প্রসাদ অল্ল যদি পাই।
স্থাদ জানি, তৈছে ক্ষীর গোপালে লাগাই॥ ১১৯

এই ইচ্ছায় লজ্জা পাঞা বিষ্ণু স্মরণ কৈল।
হেন কালে ভোগ সরি আরতি বাজিল॥ ১২০
আরতি দেখিয়া পুরী কৈল নমস্কার।
বাহিরে আইলা, কিছু না কহিলা আর॥ ১২১
অযাচিতর্ত্তি পুরী বিরক্ত উদাস।
অযাচিত পাইলে খান, নহে উপবাস॥ ১২২
প্রেমায়তে তৃপ্ত—ক্ষুধাতৃষ্ণা নাহি বাধে।
ক্ষীরে ইচ্ছা হৈল, তাহে মানে অপরাধে॥ ১২৩

#### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

>১৬। সন্ধ্যায়—সন্ধ্যা সময়ে বা সন্ধ্যার পরে। কোনও কোনও গ্রন্থে "সন্ধ্যায় ভোগ" হলে "শয্যা ভোগ" পাঠও দৃষ্ট হয়। শয্যা ভোগ—শয়নের পূর্কের ভোগ। দাদশ মৃৎপাত্র—বারটী মাটীর পাত্র ভরিয়া (পূর্ণ করিয়া) ক্ষীর দেওয়া হয়। অমৃত সমান—সেই ক্ষীরের স্থাদ অমৃতের স্থাদের তুল্য; তাই বোধ হয় তাহার নাম অমৃতকেলি।

১১৮। হেনকালে— সেবক-ব্রান্ধণের মুখে যে সময়ে ক্ষীর ভোগের বিষরণ শুনিতেছিলেন, ঠিক সেই সময়ে। সেই ভোগ—সেই ক্ষীরভোগ। শুনি—ক্ষীরভোগ লাগিয়াছে শুনিয়া।

১২০। প্রী-গোস্বামী কাহারও নিকট কিছু চাহিয়া আহার করিতেন না; এখন ক্ষীরপ্রসাদ পাওয়ার বাসনা মনে উদিত হওয়ায় তিনি মনে করিলেন যেন, তাঁহার অ্যাচক-বৃত্তির হানি হইল; তাই তাঁর অপরাধ হইল মনে করিয়া সেই অপরাধ ক্ষমার জন্ম বিষ্ণু-স্মরণ করিলেন।

যাচ্জা তিন রকমের হইতে পারে—কায়িক, বাচনিক ও মানসিক। প্রথমে মনেই যাচ্জার কামনা জন্ম ; ইহাই মানসিকী যাচ্জা। ইহা যথন কথাদারা—কিছু ভিক্ষা দাও মা—ইত্যাদি বাক্যে বাহিরে প্রকাশ পায়, তথনই তাহা হয় বাচনিকী যাচ্জা। আর ভিক্ষার জন্ম হাতপাতা বা কাহারও নিকট যাওয়া হইল কায়িকী যাচ্জা। এই তিন প্রকারের প্রত্যেক প্রকার যাচ্জা হইতে বিরত থাকাই বাস্তবিক অ্যাচকর্ত্তি। পুরী-গোস্বামী ছিলেন এইরপই অ্যাচক। এক্ষণে ক্ষীর পাওয়ার ইচ্ছা হওয়ায় তিনি মনে করিলেন—"আমার মনে হয়তো যাচ্জার বাসনা প্রচ্ছা রহিয়াছে; গোপালের সেবাবাদনার ছন্ম-আবরণে তাহাই হয় তো, সাধুর বেশে চোরের ছায়, প্রকাশ হইয়া পড়িয়াছে। অ্যাচক বলিয়া অভিমান করিতেছি, কিন্তু মনে যদি স্বপ্রভাবেও যাচ্জার বাসনা বিভ্যান থাকে, তাহা হইলে তো আমার অ্যাচকত্ব কপটতামাত্র।" ইহা ভাবিয়া তিনি লজ্জিত হইলেন এবং ভগবানের ক্লপাতেই এই স্বপ্রবাসনাও তিরোহিত হইয়া যাইতে পারে—ইহা ভাবিয়াই বিষ্ণু-শ্বরণ করিলেন।

ভোগ সরি—ভোগ শেষ হইয়া। **আরতি বাজিল**—আরতির কাঁসা-ঘণ্টা বাজিয়া উঠিল।

- ১২১। কিছু না কহিলা আর—ক্ষীরপ্রসাদ সম্বন্ধে কাহাকেও কিছু আর বলিলেন না।
- ১২২। বিরক্ত— সংসারত্যাগী; সকল দ্রব্যে আসক্তিশৃষ্ঠ। উদাস—উদাসীন। নহে উপবাস— অ্যাচিত-ভাবে কিছু না পাইলে উপবাসী থাকেন।
- ১২৩। নাহি বাধে— কুধাতৃষ্ণায় তাঁহার কোনওরূপ কষ্ঠ হয় না। ক্ষীরে ইচ্ছা ইত্যাদি— কোনও বস্তর জন্ম মনেও যদি ইচ্ছা জন্মে, তাহা হইলে মনে মনে সেই জিনিসের জন্ম যাচ্ঞাই করা হইল। বাহিরে যাচ্ঞার কথা তো দ্রে, মনে মনেও যদি যাচ্ঞা করা যায়, কিষা যাচ্ঞার ইচ্ছাও যদি মনে জন্মে, তাহা হইলেই অ্যাচকর্ত্তি ভঙ্গ হইয়া গেল। তাই ক্ষীরের ইচ্ছা হওয়ায় তাঁহার অ্যাচক-ত্রত-ভঙ্গজনিত অপরাধ হইয়াছে বলিয়া তিনি আশিষ্কা করিয়াছিলেন।

গ্রামের শৃশুহাটে বসি করেন কীর্ত্তন।
এথা পূজারী করাইল ঠাকুরে শয়ন॥ ১২৪
নিজকৃত্য করি পূজারী করিলা শয়ন।
স্থপনে ঠাকুর আসি বোলেন বচন—॥ ১২৫
উঠহ পূজারী! দ্বার করহ মোচন।
ক্ষীর এক রাখিয়াছি সন্ন্যাসী-কারণ॥ ১২৬
ধড়া্র অঞ্চলে ঢাকা এক ক্ষীর হয়।
তোমরা না জানিলে তাহা আমার মায়ায়॥ ১২৭
শাধবপুরী সন্ন্যাসী আছে হাটেতে বসিয়া।

তাহাকে ত এই ক্ষীর শীঘ্র দেহ লঞা ॥ ১২৮
সপ্ন দেখি পূজারী করিল বিচার।
স্মান করি কপাট খুলি মুক্ত কৈল দ্বার॥ ১২৯
ধড়ার আঁচলতলে পাইল দেই ক্ষীর।
স্থান লেপি ক্ষীর লৈয়া হইলা বাহির॥ ১৩১
দ্বার দিয়া গ্রামে গেলা দেই ক্ষীর লঞা।
হাটে হাটে বুলে মাধবপুরীরে চাহিয়া—॥ ১৩১
ক্ষীর লহু এই যার নাম মাধবপুরী।
তোমার লাগি গোপীনাথ ক্ষীর কৈল চুরি॥ ১৩২

### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

3-8। যাহা হউক, তিনি শ্রীমন্দিরপ্রাঙ্গণ হইতে বাহিরে আসিয়া রেমুণাগ্রামের লোকজনশৃষ্ঠ হাটে বসিয়া নামকীর্ত্তন করিতেছিলেন।

১২৬-২৭। ক্ষীর এক—একপাত্র ক্ষীর। সন্ধ্যাসীকারণ—সন্ন্যাসীর ( মাধবেন্দ্রপুরীর ) নিমিন্ত। দ্বার—
মন্দিরের দার। ধড়ার অঞ্চলে ইত্যাদি—আমার ধড়ার আড়ালে একপাত্র ক্ষীর আমি রাধিয়া দিয়াছি। বারধানা ক্ষীরের যায়গায় ভোগের স্থানে যে এগারখানা ক্ষীর ছিল, আমার মায়ায় তোমরা তাহা জানিতে পার নাই।
মায়ায়—লীলাশক্তির প্রভাবে।

ভক্তের সেবার জন্ম, ভক্তের প্রীতিবিধানের জন্ম এবং ভক্তমাহান্ম্য-থ্যাপনের জন্ম ভক্তবৎসল ভগবানের যে কিরূপ বলবতী বাসনা, ক্ষীর চুরিই তাহার প্রমাণ। ভগবানের অধ্রাগৃতের জন্ম ভক্তের একটা স্বাভাবিকী বাসনাই আছে, ভক্তবৎসল ভগবান্ তাহা অপূর্ণ রাখেন না। এখলে কিন্তু শ্রীপাদ মাধবেলের ক্ষীর-প্রাপ্তির ইচ্ছার পশ্চাতে নিজের জন্ম অধরামৃত-প্রাপ্তির বাসনা অপেক্ষাও একটা বড় জিনিস আছে—গোবর্দ্ধনেশ্বর গোপালের প্রতি প্রীতির আধিক্য। এই প্রীত্যাধিক্যের বশীভূত হইয়াই রেমুণার গোপীনাথরূপী গোপাল এমন একটা কাজ করিলেন, যাহা সাধারণ লোকের পক্ষেও নিন্দনীয়—চুরি। পূজারীর মনে প্রেরণা যোগাইয়াও গোপীনাথ মাধবেক্রকে ক্ষীর দেওয়াইতে পারিতেন; তাহা না করিয়া তিনি একভাও ক্ষীর চুরি করিয়া রাখিলেন। উদ্দেশ্য—যে প্রেম সত্যস্বরূপ ভগবানের ধারাও চৌর্য্য কার্য্য করাইতে পারে, জ্রীপাদ মাধ্বেজের সেই প্রেমের মহিমা-খ্যাপন। ইহাতেই তাঁহার ডক্তবাৎসল্যের—ভক্তের প্রতি রূপার—পরাকাষ্ঠার বিকাশ। এজগুই রায় রামানন্দ বলিয়াছিলেন—"তোমার রূপায় তোমায় করায় নিন্দ্যকর্ম। ২।৮।৩৬॥' আবার, এই চৌর্ঘ্যরূপ নিন্দ্যকর্মের কথা স্বীয় সেবকের নিকটে স্বীয়মুখে প্রকাশ করিতে, কিম্বা স্বীয় সেবকের দ্বারা ঘোষণা করাইতেও (২।৪।১৩২) তিনি সদ্বোচ বা লজ্জা অনুভব করেন না, বরং ইহাম্বারা তাঁহার পরম-ভক্ত মাধবেন্দ্রের মহিমা ঘোষিত হইতেছে বলিয়া পরমানন্দই উপভোগ করিয়া থাকেন। শ্রীগোপীনাথের এই ভক্তবাৎসল্যে মুগ্ধ হইয়া ভক্তগণও তাঁহাকে প্রেমহাচী "ক্ষীর চোরা" উপাধি দান করিলেন। এই উপাধিতে ভক্ত ও ভগবান্ উভয়েই প্রমানন্দ অমুভব করেন-ভক্ত প্রথী হয়েন, ভগবানের ভক্তবাৎসল্য অমুভব করিয়া; আর ভগবান স্থ্যী হয়েন, তিনি যে ভজের একটু সেবা করিতে পারিয়াছেন, ভজের মহিমা একটু খ্যাপিত করিতে পারিয়াছেন, এই উপাধি তাহার সাক্ষ্য দিতেছে, ইহা অহুভব করিয়া।

১৩০-৩১। স্থান লেপি—যে স্থানে ক্ষীরভাও রাখিয়াছিলেন, সেই প্রসাদী-স্থান ধৌত করিয়া। দ্বার দিয়া—মন্দিরের দার বন্ধ করিয়া।

১৩২। कीत लट रेजापि-यात नाम माधनभूती, म कीत लए।

শ্বীর লঞা স্থথে তুমি করহ ভক্ষণে।
তোমাসম ভাগ্যবান্ নাহি ত্রিভূবনে॥ ১৩৩
এত শুনি পুরী:গাদাঞি পরিচয় দিল।
ক্ষীর দিয়া পূজারী তাঁরে দগুবৎ কৈল॥ ১৩৪
ক্ষীরের রুত্তান্ত তাঁরে কহিল পূজারী।
শুনি প্রেমাবিষ্ট হৈলা শ্রীমাধবপুরী॥ ১৩৫
প্রেম দেখি সেবক কহে হইয়া বিশ্বিন্ত —।
কৃষ্ণ যে ইহার বশ—হয় যথোচিত॥ ১৩৬
এত বলি নমন্ধরি গেলা দে ব্রাহ্মণ।
আবেশে করিলা পুরী সে ক্ষীরভক্ষণ॥ ১৩৭
পাত্রপ্রক্ষালন করি খণ্ডখণ্ড কৈল।
বহির্ববাসে বান্ধি সেই ঠিকারী রাখিল॥ ১৩৮
প্রতিদিন একখানি করেন ভক্ষণ।
খাইলে প্রেমাবেশ হয়—অভুত কথন॥ ১৩৯
ঠাকুর মোরে ক্ষীর দিলা—সর্বলোকে শুনি।

দিনে লোকভিড় হবে—মোর প্রতিষ্ঠা জানি॥১৪০
এইভয়ে রাত্রিশেষে চলিলা শ্রীপুরী।
সেইস্থানে গোপীনাথে দণ্ডবৎ করি॥ ১৪১
চলিচলি আইলা পুরী শ্রীনীলাচল।
জগরাথ দেখি প্রেমে হইলা বিহবল॥ ১৪২
প্রেমাবেশে উঠে পড়ে হাসে নাচে গায়।
জগরাথ-দরশনে মহাস্থথ পায়॥ ১৪৩
'মাধবপুরী শ্রীপাদ আইলা' লোকে হৈল খ্যাতি।
সব লোক আসি তাঁরে করে বহু ভক্তি॥ ১৪৪
প্রতিষ্ঠার স্বভাব এই জগতে বিদিত।
যে না বাঞ্জে—তার হয় বিধাতা নির্মিত॥ ১৪৫
প্রতিষ্ঠার ভয়ে পুরী গেলা পলাইয়া।
কৃষ্ণপ্রেম-সঙ্গে প্রতিষ্ঠা চলে লাগ লৈয়া॥ ১৪৬
যতপি উদেগ হৈল—পলাইতে মন।
ঠাকুরের চন্দনসাধন হইল বন্ধন॥ ১৪৭

# গৌর-ফুপা-তরঙ্গিণী টীকা।

১৩৬। ইংহার প্রেমে যে শ্রীরুষ্ণ বশীভূত, ইহা নিতান্তই সঙ্গত; এরপ ভক্তের প্রেমে তিনি বশীভূত না হইলে তাঁহার প্রেমবশ-নামই অসার্থক হইবে। মাধ্বেন্দ্রপুরীর জন্ম ক্ষীর চুরি করাই তাঁহার প্রেমে বশীভূততার পরিচায়ক। যথোচিত—সঙ্গত।

১৩৮-৩৯! পাত্র প্রক্ষালন করি—ক্ষীরের ভাগু ধুইয়া। খণ্ড খণ্ড কৈল—ভাঙ্গিয়া টুক্রা টুক্রা করিলেন। ঠিকারী—মাটীর ক্ষীরভাণ্ডের ছোট ছোট টুক্রা। একখানি—একখানা ঠিকারী। খাইলে ইত্যাদি—
ঠিকারী খাইলেই পুরীগোস্বামী প্রেমাবিষ্ট হইয়া পড়েন।

১৪০। শ্রান্তিষ্ঠা—স্থ্যাতি; আমার জন্ম গোপীনাথ ক্ষীর চুরি করিয়াছেন, স্থতরাং আমি একজন প্রেমিক ভক্ত, এইরূপ স্থ্যাতি।

১৪৫। প্রতিষ্ঠার স্বভাব—স্থ্যাতির ধর্ম। বিদিত্ত—জ্ঞাত। যে না বাত্তে —যে ইচ্ছা করে না; যে ইহা চায় না। বিধাতা-নির্মিত—বিধাতাই তাহার প্রতিষ্ঠা নির্মাণ করেন; অর্থাং সর্বত্ত ঘোষণা করেন। যিনি প্রতিষ্ঠা চাহেন না, প্রতিষ্ঠার কারণ থাকিলে, আপনা-আপনিই তাঁহার প্রতিষ্ঠা সর্বত্ত ছড়াইয়া পড়ে।

১৪৬। প্রতিষ্ঠার ভয়ে ইত্যাদি—প্রতিষ্ঠার ভয়ে পুরীগোস্বামী রেমুণা হইতে রাত্রিতে কাহাকেও না বলিয়া পলাইয়া আসিয়াছেন; কিন্তু শ্রীক্ষেত্রে আসিবামাত্রই চারিদিকে তাঁহার প্রতিষ্ঠার কথা সর্বত্র শুনা যাইতে লাগিল। কৃষ্ণপ্রেম-সঙ্গে—যেথানে রুফ্গপ্রেম, সেইখানেই প্রতিষ্ঠা। লাগ লৈয়া—লগ্ন হইয়া; লাগিয়া।

শ্রীকৃষ্পপ্রেমের স্বভাব এই যে, ভক্ত না চাহিলেও প্রতিষ্ঠা আপনা-আপনিই জাঁহার সঙ্গে সঙ্গে চলে; আপনা হইতেই তাঁহার সুখ্যাতি হয়।

১৪৭। **যজপি উদ্বেগ হৈল**—যদিও সর্ব্বত্রই তাঁহার প্রতিষ্ঠার কথা ব্যাপ্ত হওয়ায় প্রীগোস্বামী অত্যন্ত উদ্বেগ অহতেব করিতেছিলেন এবং তজ্জন্ম যদিও তাঁহার প্লাইতে মন--শ্রীক্ষেত্র হইতে অন্তত্ত্র পলাইয়া যাইতে হুইচ্ছা হইল; তথাপি কিন্তু তিনি শ্রীক্ষেত্র ছাড়িয়া যাইতে পারিলেন না; কারণ শ্রীক্ষেত্র ত্যাগ করিয়া গেলে জগন্নাথের দেবক যত যতেক মহান্ত।
সভাকে কহিল পুরী গোপালবৃত্তান্ত॥ ১৪৮
'গোপাল চন্দন মাগে'—শুনি ভক্তগণ।
আনন্দে চন্দন লাগি করিলা যতন॥ ১৪৯
রাজপাত্রসনে যার–যার পরিচয়।
তারে মাগি কপূর-চন্দন করিলা সঞ্চয়॥ ১৫০
এক বিপ্র এক সেবক চন্দন বহিতে।
পুরীগোসাঞির সঙ্গে দিল সম্বন্স-সহিতে॥ ১৫১
ঘাটা দানী ছাড়াইতে রাজপাত্রদারে।
রাজলেখা করি দিল পুরীগোসাঞির করে॥ ১৫২
চলিলা মাধবপুরী চন্দন লইয়া।
কথোদিনে রেমুণায় উত্তরিলাসিয়া॥ ১৫৩
গোপীনাথ চরণে কৈলা বহু নমস্কার।

প্রেমাবেশে নৃত্য-গীত করিলা অপার ॥ ১৫৪ পুরী দেখি সেবকসব সম্মান করিল। ক্ষীরপ্রসাদ দিয়া তাঁরে ভিক্ষা করাইল॥ ১৫৫ সেইরাত্র্যে দেবালয়ে করিল শয়ন। শেষরাত্রি হৈলে পুরী দেখিল স্থপন—॥ ১৫৬ গোপাল আসিয়া কহে—শুন হে মাধব! কপূর-চন্দন আমি পাইলাম সব॥ ১৫৭ কপূর্বসহিত ঘষি এ সব চন্দন। গোপীনাথের অঙ্গে নিত্য করহ লেপন॥ ১৫৮ গোপীনাথ আমার সে এক অঙ্গ হয়। ইহাকে চন্দন দিলে হবে মোর তাপক্ষয়॥ ১৫৯ দিখা না ভাবিহ, না করিহ কিছু মনে।

# গৌর-কুপা-তরঞ্জিণী টীকা।

শ্রীগোপালের জন্ম চন্দন নেওয়া হয় না। **চন্দনসাধন**—চন্দন সংগ্রহ করা , চন্দন নেওয়ার আদেশ-পালন। **হইল** বন্ধন—তাঁহার ( শ্রীক্ষেত্রের সঙ্গে ) বন্ধন হইল। শ্রীক্ষেত্রত্যাগের বাধা হইল।

- ১৪৮। গোপালবৃত্তান্ত—কিভাবে গোপাল শিশুরূপে তাঁহাকে তুগ্ধ দিয়াছেন, স্বগ্নে দর্শন দিয়া সেবা-প্রাকটনের ইচ্ছা জানাইয়াছেন এবং কিরূপে স্বপ্নযোগে চন্দন নেওয়ার জন্ম তাঁহাকে আদেশ করিয়াছেন, সে স্ব বিবরণ।
  - ১৪৯। **আনন্দে** ইত্যাদি—আনন্দের স্হিত চন্দ্রন সংগ্রহের চেষ্টা করিতে লাগিলেন।
  - ১৫০। রাজপাত্র—রাজকর্মচারী। ভারে মাগি—ভাঁহার নিকটে প্রার্থনা করিয়া। সঞ্চয়—সংগ্রহ।

সে সময়েও চন্দন রাজসম্পত্তি ছিল; তাই রাজকর্মচারীদের অমুমতি ব্যতীত কেহই চন্দন লইতে পারিত না। পুরীর রাজকর্মচারীদের সহিত যাঁহাদের পরিচয় ছিল, পুরীগোস্বামীর জন্ম তাঁহারা রাজকর্মচারীদের অমুরোধ করিয়া চন্দন সংগ্রহ করিয়া দিলেন এবং কিছু কর্পূর্ও যোগাড় কুরিয়া দিলেন।

- ১৫১। চন্দন বহিয়া নেওয়ার নিমিত্ত প্রীক্ষেত্রস্থ ভক্তবৃন্দ প্রীগোস্বামীর সঙ্গে একজন ব্রাহ্মণ এবং একজন ভূত্য দিলেন; পথের থরচের জন্ম টাকা-পয়সাদিও কিছু দিলেন। (১৭৯ পয়ারের টীকা এইব্য) সম্বল—টাকা-পয়সাদি বা চন্দন-বাহকদের আহারাদির দ্রব্যাদি।
- ১৫২। ঘাটীদান—রাজকর্মচারীরা পথিকের নিকট হইতে যে কর আদায় করে, তাহাকে ঘাটীদান বলে। ঘাটী—কর আদায়ের স্থান। দান—কর। দানী—যাহারা কর আদায় করে। রাজলেখা—রাজার ছাড়পত্র। এই পত্র দেখাইলে আর কেহ কর চাহিবে না। করে—হাতে।
  - ১৫৩। উত্তরিলাসিয়া—আসিয়া উপস্থিত হইলেন।
- ১৬০। দ্বিধা—সন্দেহ। দিধা না ভাবিছ—গোপীনাথের ও আমার (গোপালের) যে একই অঙ্গ এই বাক্যে দৃঢ় বিশ্বাস কর, কোনওরূপ সন্দেহ করিও না।

শ্রীকৃষ্ণ যে বহুমূর্ত্তিতে একমূর্ত্তি—বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকঃ—এই বাকাই এই পয়ারোক্তির সত্যতার প্রমাণ। একমূর্তিতেই তিনি অনস্ত-প্রকাশে—অনস্তমূর্ত্তিতে—বিরাজমান; অনস্ত প্রকাশের অনস্তমূর্ত্তিতেও তিনি একমূর্তিই—একমেবা- এত বলি গোপাল গেলা, গোসাঞি জাগিলা।
গোপীনাথের সেবকগণে ডাকিয়া আনিলা—॥১৬১
প্রভুর আজ্ঞা হৈল—'এই কপূর-চন্দন।'
গোপীনাথের অলে নিত্য করহ লেপন॥ ১৬২
ইহাকে চন্দন দিলে গোপাল হইবে শীতল।
স্বতন্ত্র ঈশ্বর তাঁর আজ্ঞা সে প্রবল॥ ১৬৩
'গ্রীষ্মকালে' গোপীনাথ পরিবে চন্দন।
শুনি আনন্দিত হৈল সেবকের মন॥ ১৬৪
পুরী কহে-- এই ছুই ঘষিবে চন্দন।
আর জনা-ছুই দেহ—দিব যে বেতন॥ ১৬৫
এইমত প্রত্যহ দেয় চন্দন ঘষিয়া।
পরায় সেবকসব আনন্দ করিয়া॥ ১৬৬

প্রত্যহ চন্দন পরায়—যাবৎ হৈল অন্ত।
তথায় রহিলা পুরী তাবৎপর্যান্ত॥ ১৬৭
গ্রীপ্মকাল-অন্তে পুন নীলাচলে গেলা।
নীলাচলে চাতুর্মাস্ত আনন্দে রহিলা॥ ১৬৮
শ্রীমুখে মাধবপুরীর অমৃতচরিত।
ভক্তগণে শুনাঞা প্রভু করে আস্বাদিত॥ ১৬৯
প্রভু কহে—নিত্যানন্দ! করহ বিচার।
পুরীসম ভাগ্যবান্ জগতে নাহি আর॥ ১৭০
ছগ্মদান-ছলে কৃষ্ণ যাঁরে দেখা দিল।
তিনধার স্বপ্নে আদি যাঁরে আজ্ঞা কৈল॥ ১৭১
যাঁর প্রেনে বশ হঞা প্রকট হইলা।
সেবা-অঙ্গীকার করি জগৎ তারিলা॥ ১৭২

#### গৌর-কুপা-তরঞ্জিণী চীকা।

দিতীয়ম্। কোনও একটা সরোবরের মধ্যে যদি নানা আকারের বহুসংখ্যক ঘট থাকে, তাহা হইলে প্রত্যেক ঘটের মধ্যেই জল প্রবেশ করিয়া ঘটের আকারে আকারিত হয়। এইরপে সরোবরের জল বহু আকারে অবস্থিত হইলেও সেই বহু-আকারে কিন্তু এক সরোবরের জলই বিরাজিত।

১৬১। গোপাল গেলা—গোপাল অন্তর্ধান প্রাপ্ত হইলেন।

১৬২-৬৩। এই হুই পয়ার, গোপীনাথের সেবকগণের প্রতি প্রীগোস্বামীর উক্তি।

স্বভন্ত ঈশ্বর ইত্যাদি—শ্রীগোপাল হইলেন স্বতন্ত ঈশ্বর; তিনি কাহারও অধীন নহেন। তাঁর আদেশ পালন করাই আমাদের কর্ত্তব্য; কি অভিপ্রায়ে তিনি কথন কি আদেশ দেন, সে সমস্ত বিচারে আমাদের অধিকার নাই।

- ১৬৪। চন্দন শীতল বস্তু; কর্পুর সহযোগে ইহার শীতলতা আরও ব্দ্ধিত হয়। গ্রীপ্সকালে কর্পুর-চন্দন বেশ আরাম্দায়ক। শ্রীগোপীনাথের গ্রীপ্সযন্ত্রণা এবার প্রশ্মিত হইবে, ইহা ভাবিয়াই ভক্তদের আমন্দ।
- ১৬৫। এই তুই—নীলাচল ( শ্রীক্ষেত্র ) হইতে পুরীগোঁসাঞির সঙ্গে যে বিপ্র ও সেবক আসিয়াছিলেন, তাঁহারা। বেতন শ্রীক্ষেত্র হইতে তাঁহার সঙ্গে যে "সম্বল" দেওয়া হইয়াছিল, তাহা হইতেই বোধ হয় তিনি বেতন দেওয়ার প্রস্তাব করিলেন।
- ১৬৭। যাবৎ হৈল অন্ত-পুরীগোস্বামী যে চন্দন আনিয়াছিলেন, যে পর্যান্ত সেই চন্দন শেষ না ছইল, সেই পর্যান্ত ভিলেন।
  - ১৬৮। **চাতুর্মাস্থ্য**—শয়ন-একাদশী হইতে উত্থান-একাদশী পর্যান্ত চারি মাস।
  - ১৬৯। শ্রীমুখে-মহাপ্রভুর শ্রীমুখে। প্রভু-মহাপ্রভু।
- ১৭১। তুগদান-ছলে— শ্রীগোবিন্দকুণ্ডের তীরে শ্রীগোপাল গোপবালকরপে প্রীগোসামীকে তুগ্ধ দিয়াছিলেন। **তিনবার স্বপ্নে**—প্রথম বার কুঞ্জ হইতে বাহির করিয়া গোবর্জনে স্থাপন করার জন্ম; দিতীয় বার, তাপ-নিবারণার্থ মলয়-পর্বত হইতে চন্দন আনিবার নিমিত্ত; তৃতীয় বার, গোপীনাথের অঙ্গে চন্দন-লেপনের নিমিত্ত, এই তিনবার শ্রীগোপাল প্রীগোসামীকে স্বগ্নে দর্শন দিয়াছিলেন।
  - ১৭২। প্রকট **হইলা**—গোবর্দ্ধনে প্রকাশিত হইলেন।

যাঁর লাগি গোপীনাথ ক্ষীর চুরি কৈলা।
কপূর-চন্দন যাঁর অঙ্গে চঢ়াইলা॥ ১৭৩
ফ্রেক্ডদেশে কপূর-চন্দন আনিতে জঞ্জাল।
পুরী হৃঃখ পাবে—ইহা জানিএল গোপাল॥ ১৭৪
মহা দয়াময় প্রভু ভকতবৎসল।
চন্দন পরি ভক্তশ্রম করিল সফল॥ ১৭৫
পুরীর প্রেম পরাকাষ্ঠা করহ বিচার।
অলৌকিক প্রেম—চিত্তে লাগে চমৎকার॥ ১৭৬

পরম বিরক্ত মৌনী—সর্বত্র উদাসীন।
গ্রাম্যবার্ত্তাভয়ে দ্বিতীয়সঙ্গহীন ॥ ১৭৭
হেনজন গোপালের আজ্ঞামৃত পাঞা।
সহস্র ক্রোশ আসি বুলে চন্দন মাগিয়া ॥ ১৭৮
ভোকে রহে—তবু অন্ন মাগিয়া না খায়।
হেন [জন] চন্দনভার বহি লঞা যায়॥ ১৭৯
মোণেক চন্দন তোলা-বিশেক কর্পূর।
গোপালে পরাইব—এই আনন্দ প্রচুর॥ ১৮০

#### গোর-কুপা-তরঞ্জিণী টীকা।

- ১৭৩। কর্পূর চন্দন যাঁর ইত্যাদি—শাহার (আনীত) কর্পূর ও চন্দন (শ্রীগোপাল নিজ) অঙ্গে চড়াইলেন (উঠাইলেন)।
- ১৭৪। ভক্তবৎসল শ্রীরুষ্ণ প্রীগোস্বামীর খুব কষ্ট ছইবে বলিয়াই যে রেমুণা ছইতে বৃন্ধাবনে চন্দন আনার স্থাবাগ তাঁছাকে দিলেন না, রেমুণাতেই সমস্ত চন্দন তিনি গোপীনাথরূপে গ্রহণ করিয়া শেষ করিলেন, তাহাই গ্রন্থলে বলা ছইতেছে।
- ্মেচ্ছেদেশে—মুসলমানের দেশে। সেই সময় পশ্চিম-দেশে মুসলমানের রাজস্ব ছিল; কিন্তু উৎকলদেশ পুরীর হিন্দ্-রাজার অধীনে ছিল। জ্ঞাল—বিপদ। পুরী তুঃখ পাবে—মুসলমানের দেশ দিয়া চন্দন লইয়া আসিতে পুরীকে অনেক বিপদে পড়িতে হইবে. অনেক হুঃখ সহা করিতে হইবে, ইহা জানিয়া।
- **১৭৫। চন্দন পরি**—রেম্ণাতেই গোপীনাথরূপে চন্দন ধারণ করিয়া (প্রীগোস্বামীর পরিশ্রমকে সার্থক করিলেন)।
  - ১৭৬। পরাকাষ্ঠা—প্রেমের চরম বিকাশ।
- **১৭৭। বিরক্ত**—নিস্পৃহ, ত্যাগী। **মৌনী** বুথা-আলাপবজ্জিত। **উদাসীন**—নিঃসম্নীয়ে; যিনি ভক্ত-ব্যতীত অফা কাহারও সহিত সম্ম রাখেন না।
- গ্রাম্যবার্ত্তা—বিষয়কথা। **দিতীয় সঙ্গহীন**—অন্থ কোন লোক কাছে থাকিলে পাছে বিষয়ের কথা শুনিতে হয়, এই ভয়ে অপর কাহারও সঙ্গ করিতেন না।
  - "দ্বিতীয় সঙ্গহীন" স্থলে "দ্বিতীয়জনসঙ্গহীন" পাঠান্তরও দৃষ্ট হয়।
- ১৭৮। আজ্ঞায়ত—আদেশরপ অমৃত। অমৃত শব্দের ধানি এই যে, অমৃত যেমন থাইতে অত্যন্ত সুস্থাদ, শ্রীগোপালের আদেশও পালনবিষয়ে তেমনি আনন্দদায়ক। শ্রীগোপালের আদেশ-পালনে কোনওরূপ কট্ট বা বিরক্তি জন্মে না, বরং প্রচ্র আনন্দই পাওয়া যায়—অমৃতের আস্বাদনে প্রাণে যেরূপ ভৃপ্তি পাওয়া যায়, শ্রীগোপালের আদেশ-পালনেও তদ্ধপ মনঃ-প্রাণম্থিকর ভৃপ্তিই পাওয়া যায়। বুলে—অমণ করে।
  - ১৭৯। **ভোকে রহে**—উপবাসী থাকে।
- পূর্ববির্ত্তী ১৫১ পরারে দেখা যায়, চন্দনভার-বহনের নিমিত্ত একজন বাহ্মণ ও একজন ভৃত্য নীলাচল হইতে পুরীগোস্বামীর সঙ্গে আসিয়াছিল; এই পরারে দেখা যায়, পুরীগোস্বামীই চন্দনভার বহিতেন। সম্ভবতঃ তিনজনে মিলিয়াই চন্দন বহন করিতেন; পুরীগোস্বামীর নির্বাহ্বাতিশয়ে, সঙ্গীয় ব্রাহ্মণ ও ভৃত্য তাঁহাকে চন্দনের বোঝা না দিয়া থাকিতে পারিতেন না।
  - ১৮০। মোণেক চন্দ্ৰ-একমণ চন্দ্ৰ। তোলা বিশেক-বিশ্ব তোলা। এক মণ চন্দ্ৰ ও বিশতোলা

উৎকলের দানী রাখে চন্দন দেখিয়া।
তাহা এড়াইল রাজপত্র দেখাইয়া॥ ১৮১
মেচ্ছদেশ—দূরপথ—জগাতি অপার।
কেমনে চন্দন নিব ?—নাহি এ বিচার॥ ১৮২
মঙ্গে এক বট নাহি ঘাটাদান দিতে।
তথাপি চন্দন লৈয়া উৎসাহ ঘাইতে॥ ১৮৩
প্রগাঢ় প্রেমের এই সভাব আচার।
নিজন্তঃখ-বিদ্বাদিক না করে বিচার॥ ১৮৪

এই তার গাঢ়প্রেম লোকে দেখাইতে।
গোপাল তাঁরে আজ্ঞা দিল চন্দন আনিতে॥১৮৫
বহু পরিশ্রমে চন্দন রেমুণা আনিল।
আনন্দ বাঢ়য়ে মনে—তুঃখ না গণিল॥ ১৮৬
পরীক্ষা করিতে গোপাল কৈল আজ্ঞাদান।
পরীক্ষা করিয়া শেষে হৈল দয়াবান্॥ ১৮৭
এই ভক্তি—ভক্তপ্রিয়-কৃষ্ণ-ব্যবহার।
বুঝিতেহো আমাসভার নাহি অধিকার॥১৮৮

# গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

কর্পুর লইয়া পুরী আসিতেছেন; শ্রীগোপালকে পরাইবার নিমিত্ত তিনি চন্দনাদি লইয়া যাইতেছেন—ইহা ভাবিয়াই তাঁহার চিত্ত আনন্দে ভরপূর হইয়া যাইত।

১৮১। **উৎকলের দানী**—উড়িগ্যারাজের পথকর-আদায়কারী। **রাখে**—বাধা দেয়; চন্দনের জন্থ কর না দিলে যাইতে দিবে না বলিয়া পথ আটকাইয়া রাখে। **এড়াইল**—অব্যাহতি পুাইলেন।

১৮২-৮৩। জগাতি—হিন্দশন্দ, অর্থ চুঙ্গী, জিনিসাদির কর আদায়ের স্থান। অথবা, জগাতি—আপদ-বিপদ। বট—কড়ি। ঘাটীদান—ঘাটীর কর।

পুরীগোস্বানীকে শ্লেছদেশের ভিতর দিয়া যাইতে হইবে, তাহাতে হিন্দুসন্ন্যাসীর পক্ষে বিপদের আশস্কা যথেষ্ঠ ছিল; পথও অতি লম্বা, দীর্ঘকাল চলিতে হইবে, তার উপর আবার নানাস্থানে ঘাটী, সঙ্গেও একটী কড়ি প্র্যুম্ভ সম্বল নাই; স্থতরাং চন্দন লইয়া আসা নিতান্ত কঠিন ব্যাপার। কিন্তু সে সম্বন্ধে কোনওরূপ চিন্তা-ভাবনাই পুরীগোস্বানীর ছিল না; গোপালের নিমিন্ত চন্দন আমিতেছেন—এই আনন্দেই ঠাহার অহ্য সমস্ভ ভাবনা স্প্রোত্বাবেগে ভ্লখণ্ডের হ্যায় ভাসিয়া গিয়াছে।

১৮৪। প্রগাঢ় প্রেমের ধর্মই এই যে, প্রিয়ের তৃপ্তির নিমিত্ত প্রেমিক ব্যক্তি অম্লানবদনে যে কোনও ত্বংখকে বরণ করিতে পারে, যে কোনও বিদ্বের সন্মুখীন হইতে পারে। প্রিয়ের অভীষ্ট বস্তু সংগ্রহ করিতে গেলে যে কত হুংখ ও বিদ্বের সন্মুখীন হইতে হইবে—প্রেমের প্রভাবে প্রেমিক তাহা ভাবিয়াও দেখে না, এরূপ ভাবনার কথা তাঁহার মনেও স্থান পায় না। প্রিয়ের মনস্তৃষ্টির চিন্তা ব্যতীত অন্ত কোনও চিন্তা-ভাবনাই তাঁহার মনের দ্বারে উকি মারিতে পারে না। স্বভাব—ধর্ম। আচার—প্রেমিকের ব্যবহার।

১৮৫। এই তার গাঢ় প্রেম ইত্যাদি—যেই গাঢ় প্রেম বশত: নানাবাধা-বিদ্ন উপেক্ষা করিয়া—নানাবিধ অসহ কষ্ট সহ্ন করিয়াও শ্রীগোধালের প্রীতির জন্ম তাঁহারই আদেশে পুরীগোধামী চন্দন আনিবার জন্ম বহুদূর-দেশে গিয়াছিলেন, সেই প্রেমের গাঢ়তা জগতের লোকের সাক্ষাতে প্রকটিত করার নিমিন্তই শ্রীগোপালদেব পুরী-গোসামীকে চন্দন আনিবার নিমিন্ত আদেশ করিয়াছিলেন। পূর্ববর্তী ১০৫ প্যারের টীকা দ্রষ্টব্য।

১৮৭। প্রীগোস্বামীর প্রেমের গাঢ়তা পরীক্ষা করাও চন্দন-আনমনের জন্ম আদেশ দেওয়ার পক্ষে—
শীগোপালদেবের একটা উদ্দেশু ছিল; কিন্তু ইছা বোধ হয় গোণ উদ্দেশু; কারণ, প্রীর প্রেমের গাঢ়তা গোপাল জানিতেন।

১৮৮। এই ভক্তি—এতাদৃশী ভক্তি, যে ভক্তির বশে তিনি অযাচক হইয়াও চন্দন আনিবার জন্ম রাজার নিকট ছাড়পত্র যাচ্ঞা করিয়াছিলেন, পথের সম্বলাদি গ্রহণ করিয়াছিলেন এবং স্থসাত্র হইলে গোপালের ভোগ লাগাইবার অভিপ্রায়ে স্বাদ-পরীক্ষার্থ গোপীনাথের প্রসাদী-ক্ষীর-প্রাপ্তি আশা করিয়াছিলেন।

ভক্তপ্রিয়ক্ষব্যবহার—ভক্তের প্রিয় যে কৃষ্ণ, তাঁহার ব্যবহার। ভক্তবৎসল-শ্রীকৃষ্ণের ব্যবহার। ভক্তবৎসল

এত কহি পড়ে প্রভু তাঁর কৃত শ্লোক।

যেই শ্লোকচন্দ্রে জগৎ কর্যাছে আলোক॥ ১৮৯

ঘষিতে-ঘষিতে থৈছে মলয়জ-সার।
গন্ধ বাঢ়ে,—তৈছে এই শ্লোকের বিচার॥১৯০
রত্নগণমধ্যে থৈছে কৌস্তভমণি।
রসকাব্যমধ্যে তৈছে এই শ্লোক গণি॥ ১৯১

এই শ্লোক কহিয়াছেন রাধা-ঠাকুরাণী।
তাঁর কুপায় ক্ষুরিয়াছে মাধবেন্দ্রবাণী॥ ১৯২
কিবা গৌরচন্দ্র ইহা করে আস্বাদন।
ইহা আস্বাদিতে আর নাহি চৌঠজন॥ ১৯৩
শেষকালে এই শ্লোক পঢ়িতে পঢ়িতে।
সিদ্ধিপ্রাপ্তি হৈল পুরীর শ্লোকের সহিতে॥ ১৯৪

# গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

হইয়াও যে শ্রীক্ষণ তাঁহার পরমভক্ত অকিঞ্জন-ত্রতধারী পুরীগোস্বামীকে কেন এত দূরদেশে চলনের জন্ম গাঠাতলেন, তাহা আমাদের বুঝিবার ক্ষমতা নাই।

"এই ভক্ত—ভক্তিপ্রিয়ক্ক-ব্যবহার"-এইরূপ পাঠান্তরও দৃষ্ট হয়। ভূঁর্য—এইরূপ ( পুরীপোস্বাগীণ আয় ) ৬৮ ( অর্থাৎ ভক্তের মাহাত্ম) এবং ভক্তিই হইয়াছে প্রিয় গাঁহার, সেই শ্রীক্রফের আচরণ।

১৮৯। তাঁরকৃত-পুরীগোস্বামীর রচিত (পরবর্তী ১৯২ প্রারের টীকা দ্রষ্ট্রা)। শ্লোক--িমোদ্র "অয়ি দীন"-ইত্যাদি শ্লোকটী।

্লোক্চন্দ্রে-চন্দ্র উদিত হইলে যেমন অন্ধকার দূরীভূত হয়, জগৎ আলোকিত হয়, এই শোকের শারাও তদ্ধপ জগতের অজ্ঞানান্ধকার দূরীভূত হয়, জগতে প্রেমালোক বিকীর্ণ হয়।

১৯০। মলয়জ-সার—চন্দনের সার। চন্দন-সার যতই ঘ্যা যায়, ততই যেন তাহার গ্রাণ্ডি পারে। তিজ্প এই "অয়ি দীন" শ্লোকটী যতই আলোচনা করা যায়, ততই যেন ইহার মাধুর্য্য ব্যান্তি হইতে পারে—তত্তি যেন ইহার আস্থাদনে অধিকতর রস পাওয়া যায়।

১৯১। রত্নগণমধ্যে ইত্যাদি—রত্ন-সমূহের মধ্যে যেমন কৌস্তভমণি শ্রেষ্ঠ, তদ্ধপ রসকাব্যের মধ্যে এটি শোক শ্রেষ্ঠ। রসকাব্য—রসাত্মক কাব্য।

১৯২। এই শ্লোক ইত্যাদি—এই "অয়ি দীনদ্যার্ড্র ইত্যাদি শ্লোকটী স্বয়ং শ্রীরাধারই উজি। **ওঁার কপা**য় ইত্যাদি—শ্রীরাধার কপায় মাধবেন্দ্রপুরীগোস্বামীর মুখে ইহা স্ফুরিত হইয়াছে মাত্র। এইরূপে শ্রীশাদ মাধবেশের নিকট হইতেই লোক-সমাজ সর্ব্ব প্রথমে ইহা জানিতে পারে বলিয়া এই শ্লোকটাকে (পূক্ষবর্ত্তী ১৮৯ শ্যাবে) তাঁহার রচিত বলা হইয়াছে।

১৯৩। নাহি চৌঠজন—শ্রীবাধা, শ্রীমাধবেজপুরী ও শ্রীমন্হাপ্রভু, এই তিন জন বাতীত আব াজুল জন নাই। এই তিন জন বাতীত অপর কেহ এই শ্লোকের রসাম্বাদন করিতে সমর্থ নহে। কেন্দু উত্তর ক্ষান্ত্র তুই রকমের—ক্রচ় ও অধিরচ়। অধিকচ্-মহাভাদ আবার ছুই রকমের—মোদন ও মাদন। মাধাতে উদ্দিশ্ন সাজ্বিক ভাব সকল বিশেষরপে অভিব্যক্ত হয়, তাহাকে মোদন বলে। এই মোদন শ্রীরাধিকার গুণ বতীত অঞ্জ স্থা (উ: নী: স্থা; ১২৮)। প্রবিশ্বেষ-দশায় এই মোদনকে মোহন বলে। ইহা একমান শ্রীবাধাতেই উদিত্ হয় (উ: নী: স্থাঃ ১৩২)। এই মোহন উৎকর্ষ-অবস্থা প্রাপ্ত হইলে ভ্রময়ী চেষ্টা, প্রলাণ প্রভৃতি লক্ষ্ম প্রাণ তথ্ন ইহাকে দিব্যোনাদ বলে। এই দিব্যোনাদ জীরাধা বতীত অপরে সম্প্রবাণ এই "অয়ি দীন" ইত্যাদি শ্লোকটী দিব্যোনাদ-অবস্থার উক্তি; স্কৃতরাং ইহা শ্রীরাধাব্যতীত আর কাহারও নহে; শ্রীরাধাব্যতীত অপর কেহ ইহার রস্ত আস্বাদন করিতে সমর্থ নহেন; শ্রীরাধার কুপায় মাধ্যেজপুরীও ইহা আস্বাদন করিতে পারিমাজেন ব্যুতীত অপর কেহই আস্বাদন করিতে সমর্থ নহে।

১৯৪। শেষকালে—অন্তর্ধান-সময়ে; দেহরক্ষার সময়ে। সিদ্ধিপ্রাপ্তি—অন্তর্ধান। শ্লোকের সহিতে— শ্লোক-উচ্চারণ শেষ হইতে হইতে। শ্লোকও শেষ হইল, তিনিও দেহরক্ষা করিলেন। তথাহি প্রভাবল্যাম্। ( ৩৩৪ )— অয়ি দীনদয়ার্দ্র নাথ হে মথুরানাথ কদাবলোক্যদে।

হৃদয়ং স্থদলোককাতরং দয়িত ভ্রাম্যতি কিং করোম্যহম্॥ ২

#### লোকের দংস্কৃত টীকা।

মথুরাগত-শ্রীক্ষধবিরহ-দিব্যোনাদদশাবত্যাঃ শ্রীরাধায়াঃউক্তিরিয়ন্। হে স্থি, মথুরাগ্মনস্ময়ে আয়াভে ইতি দূতদারা স শ্রীকৃষ্ণঃ শাস্ত্যামাস অতোহশ্ব খো বাগমিয়তি কিমনেনোদ্বেগেনেতি তাং প্রতি বদস্তাং স্থ্যামকস্মাদা-বির্ভবন্তং শ্রীকৃষ্ণং দৃষ্ট্রা সম্বোধয়তি অয়ি দীনেত্যাদি। দীনং প্রতি যা দয়া তত্তৈ আর্দ্র: স্বোদিগ্রচিত্তঃ অতএবাতিদীনায়া মমাতিব্যাকুলতামমুভূয় কুত্রাপি স্থাতুমসমর্থ ইতি ধ্বনিতম্। হে প্রাণদয়িতে যদি কদাচিৎ কার্য্যবশতঃ কুত্রাপি গন্তং ভবেৎ তদৈবেদৃগ্দশাপন্না ভবতী ভবিষ্যতীতি কিং করোমীতি হা কণ্টমিতি বদস্তং মন্ত্রা সম্বোধয়তি হে নাথেতি। নাথঃ অভীষ্টং দাতুং সমর্থঃ যোহভীষ্টদাতা ভবেৎ সোহস্মাকমনভীষ্টং কৃত্বাপি ন গতো ভবেদিতি ভাবঃ। যদা মমেদৃশীং দশাং দৃষ্ট্বাপীদং কথয়সীত্যাহ হে নাথেতি। নাথ উত্তাপন স্তব ধর্মোহয়ং কুতন্তবাপরাধ ইতি ভাবঃ। ততোহনাবির্ভবস্তং শ্রীকৃষ্ণনদৃষ্ট্রা অস্থরোদয়াদাহ হে মথুরানাথ ইতি। পুরা ব্রজনাথ এবাসীঃ সংপ্রতি মথুরানাগরীণাং রূপাদিকং শ্রন্থা তাসামুপভোগায় তত্র গতো ভূস্তবানবস্থিতঃ স্বভাবঃ কথমত্রাগমিশ্যসীতি ভাবঃ। হে সথি নির্দ্ধাইসে কদান্তত্র না গমিঘাতি তং বিনা কথং প্রাণান্ ধারিষিঘামীত্যোৎস্ক্রেনাদ্যাদাহ কদাবলোক্যস ইতি। নমু যুদ্মান্ পরিত্যজ্য যদি গতোস্মীতি মম নির্দিয়তা ভবতীভিরন্থমিতৈবেত্যেতদুরাশাং ত্যক্তা স্বপতিং ভক্তেতি তদভিপ্রায়াহমিদ্বাহ হে দয়িতেতি। দয়িতঃ হৃদয়নাথঃ হৃদয়মেব স্বং নাথস্থেন জানাসি তৎপ্রতি স্বং পুনরদাসীনো বর্ত্তসে ইতি ভাবঃ নন্দাসীনং মাং তদোধয়িত্বা তশু স্থৈগং কুরু ইত্যাহ হৃদয়ং স্বদলোককাতরমিতি। যঃ কাতরো ভবেৎ তশু ভদ্রাভদ্রবিচারো নাস্তীতি ভাবঃ। এতজ্জাত্বা যত্চিতম্ তদ্বিধেহি তবাদৰ্শনে প্রাণা ন স্থাস্মন্তীতি ধ্বনিঃ। কথমেবং ৰুদ্ধা বিমুখ্য হৃদয়ং হৈ য্যাং কুৰ্মিত্যাহ ভাষ্যতি অনবস্থিতং ভৰতি অহং এতাদূগবস্থাৰতী কিং করোমি জীবনং মরণং বেতি নিশ্চেজুং ন শকোমীতি ভাব:॥ চক্রবর্ত্তী॥ ২

# গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

শো। ২। অবয়। অমি দীনদয়ার্ত্র (হে দীনজনের প্রতি প্রম-দ্য়াল)। হে নাখ। হে মথুরানাথ। হে দ্য়িত। কদা (কথন) অবলোক্যসে (আমাকর্ত্ত্বক অবলোকিত হইবে তুমি) ও স্বদলোককাতরং (তোমার অদর্শনে কাতর) হাদ্যং (আমার ছাদ্য়) প্রাম্যতি (অস্থির হইতেছে) অহং (আমি) কিং করোমি (কি করিষ) ও

অনুবাদ। হে দীনদয়ার্দ্র! হে নাথ! হে মথুরানাথ! আমি কবে তোমার দর্শন পাইব! হে দয়িত! তোমার অদর্শনে আমার হৃদয় কাতর হইয়া অস্থির হইয়া পড়িয়াছে; আমি কি করিব বল।২

দীনদয়ার্দ্র—দীনজনের প্রতি যে দয়া, তদ্বারা আর্দ্র বা উদ্বিগ্ন হইয়াছে, চিন্ত যাঁহার তিনি দীনদয়ার্দ্র। ত্রানাক কাতরং—তোমার অলোক (অদর্শন) বশতঃ কাতর; তোমাকে না দেখিয়া কাতর হইয়াছে যে। প্রীকৃষ্ণ যথন মথুরায়, তখন তাঁহার বিরহে দিব্যোনাদগ্রস্থা প্রীরাধার উদ্ভি এই শ্লোক। তিনি তাঁহার অন্তরঙ্গা স্থীদের সম্বোধন করিয়া বলিতেছেন—"সথি! প্রীকৃষ্ণ যথন মথুরায় যায়েন, তখন আমাদের অবস্থা দেখিয়া দৃত্যুথে বলিয়া পাঠাইয়াছিলেন যে, তিনি শীঘ্রই ফিরিয়া আসিবেন। এইরূপ বলিয়া তিনি আমাদিগকে আখাস দিয়া গেলেন বটে; কিন্তু আজ পর্যান্ত তিনি আসিলেন না। 'আজ না হয় কাল তিনি আসিবেনই—কেন এত উদ্বিগ্ন হইতেছ; তিনি যথন বলিয়া গিয়াছেন, তখন আসিবেনই'—ইত্যাদি বাক্যে তোমরাও আমাকে আখাস দিতেছ। প্রীরাধ্য এতটুকু পর্যান্ত বলিয়াছেন, অক্সাৎ দেখেন—তাঁহার সাক্ষাতে যেন স্বয়ং শ্রীকৃষ্ণ আবিভূত। তখন তিনি সেই শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিতেছেন:—

"হে দীনদয়ার্দ্রচিত্ত ! তুনি অত্যক্ত দয়ালু, দীনজনের ত্থেদর্শনে দয়ায় তোমার চিত্ত গলিয়া যায় ; আমাকে

এই শ্লোক পঢ়িতে প্রভু হইলা মূর্চ্ছিত।

প্রেমেতে বিবশ হঞা পড়িলা ভূমিত॥ ১৯৫

# গোর-কূপা-তরঞ্জিণী টীকা।

অত্যস্ত দীনা দেখিয়া, আমার ব্যাকুলতা অত্মভব করিয়া, অন্মত্র থাকিতে না পারিয়া তাই ভূমি দয়া করিয়া আমার সাক্ষাতে উপস্থিত হইয়া আমার প্রাণ বাঁচাইবার চেষ্টা করিয়াছ।" একথা বলামাত্রই শ্রীরাধার মনে হইল—এক্ষা মেন তাঁহাকে বলিতেছেন—"প্রাণদয়িতে! কার্য্যবশতঃ ক্থন্ত যদি আমাকে কোথাও যাইতে হয়, তথ্নই তোমার এতাদৃশী অবস্থা উপস্থিত হইবে; এরূপ অবস্থায় আমি কি করিব বল ? তোমার কণ্ঠ দেখিয়া আমার প্রাণ যেন বিদীর্ণ হইয়া যায়।" ইহার উত্তরেই শ্রীরাধা বলিলেন—"হে নাথ! তুমিই আমাদের অভীষ্ট দান করিতে সমর্থ। যেহেতু, তুমি আমাদের নাথ। আমাদের অনভীষ্ট তোমার বিরহ জন্মাইয়া তুমি কোথায়ও যাইবেনা, ইংগাই আমাদের ভরসা। (অথবা, তোমার বিরহে আমাদের যে অবস্থা হইরাছে, তাহা দেখিয়াও তুমি এরাণ কথা বলিতেছ ? কার্য্যান্থরোধেও অফ্রত যাওয়ার কথা চিন্তা করিতেছ ?)।" হঠাৎ যেন শ্রীরাধার মনে হইল, শ্রীক্ষা অন্তহিত হইয়াছেন—আর সেধানে নাই। তখন তাঁহার মনে অস্থার উদয় হইল; তিনি মনে করিলেন, আক্ষা মথুরায় চলিয়া গিয়াছেন; তাই তিনি অস্য়াবশে বলিলেন—"হে মথুরানাথ! পূর্ব্বে তুমি ব্রজনাথই ছিলে; একণে মথুরানাগরীদের রূপের কথা শুনিয়া তাহাদের সঙ্গ-কামনাতেই মথুরায় গমন করিয়াছ; তোমার স্বভাবই অনবস্থিত; এখানে আমাদের নিকটে তুমি কিরূপে আসিবে ?" তথন তাঁহার কোনও সখীকে লক্ষ্য করিয়া শ্রীরাধা বলিলেন— "স্থি! ইনি বড়ই নির্দ্ধ ; ম্থুরা ছাড়িয়া কথনও আসিবেন না। হায় হায়, কবে তাঁহাকে দেখিতে পাইব 🚩 তথনই আবার শ্রীরাধা মনে করিলেন—শ্রীকৃষ্ণ যেন বলিতেছেন—"আচ্ছা, আমি যদি নিষ্ঠুর হই, তোমাদিগকে ত্যাগ করিমা মথুরাতেই যদি গিয়া থাকি, তাহা হইলে আমাকে ফিরিয়া পাওয়ার ছুরাশা ত্যাগ করিয়া ঘরে থাকিয়া নিজ নিজ পতির সেবাই কেন তোমরা কর না ?" এইরূপ উক্তি অমুমান করিয়া শ্রীরাধা বলিলেন—"হে দয়িত! হে জ্লানাণ! তুমি তো আমাদের হৃদয় জান ? জানিয়া কেন এ সকল কথা বলিতেছ ? কেন আমাদের প্রতি উদায়ীন ছুয়া। আছ ?"—"আছো, আমি যদি তোনাদের প্রতি উদাসীনই হই, তাহা হইলে তাহাই বলিয়া মনকে প্রনোধ দাও না কেন ?"—"কিন্তু বঁধু! আমাদের হৃদয় যে তোমাকে দেখিতে না পাইয়া নিতান্ত কাতর হইয়া পড়িয়াছে। যে কাতন, তার যে ভদ্রাভদ্র—ভালমন্দ—জ্ঞান থাকেনা বঁধু! ইহা বুরিয়া যাহা সঙ্গত মনে কর, তাহাই কর। তোমাকে না দেখিলে কিন্তু আর প্রাণে বাঁচিব না।"—"বুকাইয়া শুনাইয়া চিত্তকে ধৈর্য্য ধারণ করাও।"—"কিরূপে ধৈর্য্যধারণ করাব বঁধু ? হৃদয় যে চঞ্চল হইয়া পড়িয়াছে। এরূপ অবস্থায় আমি কি করিব ? প্রাণ বিসর্জ্জন দিব, না कि কষ্টেম্পষ্টে প্রাণরক্ষা করিব, তাহা তো ঠিক করিতে পারিতেছিনা।"

অস্তিম সময়ে শ্রীপাদ মাধবেনদ্র মনে করিতেছিলেন—তিনি যেন অস্ত শিচ্ছিত দেহে বৃদ্ধাবনে শ্রীনাধার নিকটে আছেন; আর শ্রীরাধা শ্রীক্ষাবিরছে দিব্যোক্ষাদগ্রস্থা হইয়া "অয়ি দীনদ্যার্দ্র" ইত্যাদি শ্লোকটা উভ্যান্ত করিয়া স্বীয় তীত্র মনোদেনা প্রকাশ করিতেছেন। শ্রীরাধার বেদনার তরঙ্গ যেন তাঁহার হৃদয়েও সংকামিত হুইল। শ্রীরাধারই অস্তরঙ্গা মঞ্জরীরূপে শ্রীরাধার হৃথে ছংখিত হুইয়া শ্রীপাদমাধ্বেন্দ্রও যেন অস্ত শিচ্ছিত দেহে শ্রীক্ষানিরছে তিটারিত "অয়ি দীনদ্যার্দ্র"-শ্লোকটা আবৃতি করিলেন; আর তাঁহার যথাবস্থিতদেহের বদনেও তথন সেই শ্লোকটী উভ্যারিত হুইয়া তাঁহার অন্তিমন্ত্রানার পার্শে অবস্থিত লোকদের শ্রবণগোচর হুইল। সম্পূর্ণ শ্লোকটীর উচ্চারণও শেষ হুইল, আর প্রীণোভামীও তাঁহার যথাবস্থিতদেহ ত্যাগ করিয়া অস্ত শিচ্ছিত সিদ্ধ-দেহে স্থাভীষ্ঠলীলায় প্রবিষ্ঠ হুইলেন।

১৯৫। প্রীগোস্বামীর বৃত্তান্তবর্ণন-প্রসঙ্গে শ্রীমন্ মহাপ্রভ্ যথন "অয়ি দীনদয়ার্দ্র"-শ্লোকটা আবৃতি করিলেন, তথনই তিনি প্রোমাবিষ্ট হইয়া—দিব্যোনাদগ্রস্তা শ্রীরাধার ভাবে আবিষ্ট হইয়া—শ্রীরফবিরহেন তীর মাতনাম মুচ্ছিত হইয়া ভূমিতে পতিত হইলেন।

আস্তেব্যস্তে কোলে করি নিল নিত্যানন্দ।
ক্রন্দন করিয়া তবে উঠে গৌরচন্দ্র॥ ১৯৬
প্রেমোন্মাদ হৈল—উঠি ইতি-উতি ধায়।
ক্রন্ধার করয়ে ক্রোশে হাসে নাচে গায়॥ ১৯৭
'অয়ি দীন অয়ি দীন' বোলে বারেবার।
কর্পে না নিঃস্বরে বাণী, বহে অশ্রুদধার ১৯৮
কম্প স্বেদ পুলকান্দ স্তন্ত বৈবর্ণ্য।
নির্বেদ বিষাদ জাড্য গর্বব হর্ষ দৈন্য॥ ১৯৯
এই শ্রোকে উঘাড়িল প্রেমের কপাট।
গোপীনাথসেবক দেথে প্রভুর প্রেমনাট॥ ২০০
লোকের সজ্বট্ট দেখি প্রভুর বাহ্য হৈল।
ঠাকুরের ভোগ সরি আরতি বাজিল॥ ২০১

ঠাকুরে শয়ন করাই পূজারী হইলা বাহির।
প্রভু-আগে আনি দিল প্রসাদ বারো ক্ষীর॥২০২
ক্ষীর দেখি মহাপ্রভুর আনন্দ বাঢ়িল।
ভক্তগণে খাওয়াইতে পঞ্চক্ষীর লৈল॥২০৩
সাতক্ষীর পূজারীকে বাহুড়িয়া দিল।
পঞ্চক্ষীর পঞ্চজনে বাঁটিয়া খাইল॥২০৪
গোপীনাথরূপে যদি করিয়াছেন ভোজন।
ভক্তি দেখাইতে কৈল প্রসাদ ভক্ষণ॥২০৫
নামসন্ধীর্তনে সেইরাত্রি গোঙাইয়া।
প্রভাতে চলিলা মঙ্গল-আরতি দেখিয়া॥২০৬
গোপাল গোপীনাথ পুরীগোসাঞির গুণ।
ভক্তসঙ্গে শ্রীমুথে প্রভু করে আস্বাদন॥২০।

# গৌর-কৃপা-তরঙ্গিণী চীকা।

- ১৯৭। প্রেমোঝাদ—প্রেমজনিত উন্ততা; দিব্যোনাদ। শ্রীরাধার দিব্যোনাদের ভাবে আবিষ্ট। প্রেমোনাদের লক্ষণও প্রকাশ পাইল; তাহা এই:—উঠি ইতি ইত্যাদি—প্রভু ভূমি হইতে উঠিয়া এদিকে ওদিকে ধাইয়া যাইতেছেন; হংসার করিতেছেন; কেখনও বা কাঁদিতেছেন।
- ১৯৮। অয়ি দীন—উক্ত শ্লোকের চারিটি অক্ষর। কতে না নিঃস্বরে বাণী—মুখ দিয়া কথা বাহির হয় না; ইহাদারা "স্বরভেদ" হইয়াছে বুঝা যায়।
- ১৯৯। স্বরভেদ, অশ্রু, কম্প, স্বেদ, পুলক, স্তম্ভ, বৈবর্ণ্য এই সমস্ত সাত্ত্বিকভাব এবং নির্কেদ, বিষাদ, জাড্য, গর্ব্ব, হর্ষ, দৈল এই সকল ব্যভিচারী ভাব উদ্দীপ্ত হইয়াছিল। এই সমস্ত ভাবের লক্ষণ পূর্ব্বে মধ্য-দ্বিতীয় পরিচ্ছেদে লিখিত হইয়াছে। জাড্য—জড়তা।
  - २००। **উघा फ़िल**—यू निशा रणन ।
  - ২০২। প্রসাদ বারো ক্ষীর—বারখানি প্রসাদী ক্ষীরের ভাও।
- ২০৩-৪। ভক্তগণে—নিজের সঙ্গের ভক্তগণকে। পঞ্চারীর—পাঁচখানি ক্ষীরের ভাও। সাভক্ষীর—
  আবশিষ্ট সাতখানি ক্ষীরের ভাও। বাহ্ডড়িয়া—ফিরাইয়া। পঞ্চারে—শ্রীনিত্যানন্দ, পণ্ডিত জগদানন্দ,
  দামোদর পণ্ডিত এবং মুকুন্দ দত্ত এই চারিজন সঙ্গীয় ভক্ত এবং প্রভূ নিজে—এই পাঁচজনে। বাঁটিয়া—
  বণ্টন করিয়া, ভাগ করিয়া এক একজনে এক এক ভাও।
- ২০৫। মহাপ্রভু গোপীনাথরূপে একবার এই ক্ষীর থাইয়াছেন; তথাপি এখন আবার প্রসাদী ক্ষীর থাইতেছেন; কেন ? তিনি ভক্তভাব অঞ্চীকার করিয়াছেন; স্কুতরাং ক্ষীরপ্রসাদ গ্রহণ করিয়া ভক্তের আচরণ শিক্ষা দিলেন।
- ২০৭। গোপাল—গোবর্দ্ধনস্থ শ্রীগোপালবিগ্রহ, যিনি শ্রীপাদ মাধবেন্দ্রকে রূপা করিয়া একট হইয়াছিলেন। গোপীনাথ—রেমুণাস্থিত গোপীনাথবিগ্রহ, যিনি শ্রীপাদমাধবেন্দ্রের জন্ম ক্ষীরভাগু চুরি করিয়াছিলেন। পুরী-গোঁসাঞির—মাধবেন্দ্রপ্রী গোস্বামীর।

এই ত আখ্যানে কহি দোঁহার মহিমা। প্রভুর ভক্তবাৎসল্য আর ভক্তের প্রেমসীমা॥ ২০৮ শ্রদ্ধাযুক্ত হৈয়া ইহা শুনে যেইজন। শ্রীকৃষ্ণচরণে সেই পায় প্রেমধন॥ ২০৯ শীরূপ-রঘুনাথ-পদে যার আশ।

চৈতন্সচরিতামৃত কহে কৃষ্ণদাস॥ ২১০

ইতি শীর্চৈতন্সচরিতামৃতে মধ্যথণ্ডে

শীনাধবেন্দ্র-পুরীচরিতামৃতাস্বাদনং
নাম চতুর্পরিচ্ছেদঃ॥

# গোর-কৃপা-তরঞ্চিণী টীকা৷

২০৮। **দোঁহার মহিমা**—প্রভুর ভক্তবাৎসল্য এবং ভক্তের প্রেমসীমা এই ছুই বস্তর মাহাত্মাই পুরী-গোস্বামীর আখ্যানে বিরত হইয়াছে।

